Islami Ain O Bichar
Vol. 22, Issue: 87
July-September, 2026
ISSN:1813-0372, E-ISSN:2518-9530
submission: 2026-08-22
Published : 2026-11-02
DOI: 10.58666/iab.v22i87.372

Shariah Governance in Full-Fledged Islamic Banks of Bangladesh: An Analysis Based on Shariah Annual Reports from 2023 to 2025 AD

Dr. Mohd. Kutub Uddin *

Abstract

Islamic banks function according to Shariah principles. Each bank has a Shariah Supervisory Committee (SSC), which observe all banking activities. Despite this setup there are still cases where Shariah principles are not followed. SSC publish annual reports in light of various circulars issued by Bangladesh Bank. While diverse studies have been conducted regarding SSC's activities, research grounded in a systematic review of these annual reports has been notably absent, identifying a clear gap in literature. To fill this gap this study looks at the Shariah reports of five full-fledged Islamic banks in Bangladesh for the years 2023, 2024 and 2025 using document analysis method. The findings reveal that although Shariah Supervisory Committees play a vital role in ensuring that Islamic banking products, contracts, investments, and operational activities comply with Shariah principles, the Shariah reports of most banks remain concise and formulaic. They mostly claim that the banks are compliant with Shariah principles. They also show that some cases of non-compliance have been found during the implementation process. Although the reviewed reports generally state that overall operations were executed in accordance with Shariah principles, information regarding the identification of various Shariah violations at the implementation stage also emerges. Concurrently, the reports reflect the critical importance of isolating Shariah violations or doubtful income, conducting internal Shariah audits, monitoring compliance, executing inspections by Muraqibs (inspectors), providing training for officers and employees, and performing Shariah evaluations of new products. This study does not check the compliance in real operations. Instead it looks at what's publicly shared in the annual Shariah reports. The study recommends making Shariah reports more detailed and accountable, enhancing the independence and capacity of the committees, introducing technology-driven real-time Shariah compliance systems, strengthening internal Shariah audits, formulating uniform accountability policies for Shariah violations, and raising public awareness regarding Shariah principles. If these recommendations are put into practice, transparency and accountability in the banking sector could improve.

Keywords: Islamic Bank, Shariah Governance, Shariah Supervisory Committee, AAOIFI, Muraqib, Shariah Compliance.

* Assistant Professor (Islamic Studies), Open School, Bangladesh Open University, Gazipur, Bangladesh. Email: mkuddin@bou.ac.bd, ORCID: 0009-0003-7389-1190

বাংলাদেশের পূর্ণাঙ্গ ইসলামী ব্যাংকসমূহে শরী'আহ্ গভর্ন্যান্স: ২০২৩-২০২৫ সালের বার্ষিক শরী'আহ্ প্রতিবেদনভিত্তিক একটি পর্যালোচনা

সারসংক্ষেপ

ইসলামী ব্যাংকসমূহ শরী'আহ্ নীতিমালা অনুসরণ করে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে থাকে। প্রতিটি ব্যাংকের রয়েছে স্বতন্ত্র শরী'আহ্ সুপারভাইজরি কমিটি। উক্ত কমিটি ব্যাংকের সামগ্রিক কার্যক্রম পর্যবেক্ষণ করে। তদুপরি, ইসলামী ব্যাংকসমূহে শরী'আহ্ লঙ্ঘন লক্ষণীয়। বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন সার্কুলারের আলোকে ইসলামী ব্যাংকসমূহ বার্ষিক শরী'আহ্ প্রতিবেদন প্রকাশ করে। শরী'আহ্ সুপারভাইজরি কমিটির কার্যক্রম নিয়ে বিভিন্ন গবেষণা পরিচালিত হলেও বার্ষিক প্রতিবেদন পর্যালোচনা বিষয়ক গবেষণা অপ্রতুল, যা বর্তমান গবেষণা ঘাটতি হিসেবে চিহ্নিত। বর্তমান গবেষণায় পর্যালোচনার সুবিধার্থে বাংলাদেশের পাঁচটি পূর্ণাঙ্গ ইসলামী ব্যাংকের ২০২৩, ২০২৪ ও ২০২৫ সালের বার্ষিক প্রতিবেদনসমূহ গুণগত পদ্ধতিতে নথি বিশ্লেষণের মাধ্যমে মূল্যায়ন করা হয়েছে। বর্তমান গবেষণায় দেখা যায়, শরী'আহ্ সুপারভাইজরি কমিটি ইসলামী ব্যাংকের পণ্য, চুক্তি, বিনিয়োগ ও পরিচালনাগত কার্যক্রম শরী'আহ্সম্মত রাখার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করলেও অধিকাংশ ব্যাংকের শরী'আহ্ প্রতিবেদন সংক্ষিপ্ত এবং অনেকটা গতানুগতিক। পর্যালোচিত প্রতিবেদনে সামাগ্রিক কার্যক্রম শরী'আহ্র নীতিমালা অনুযায়ী সম্পাদিত হয়েছে বলে উল্লেখ থাকলেও বাস্তবায়ন পর্যায়ে বিভিন্ন ধরনের শরী'আহ্ লঙ্ঘন শনাক্ত হওয়ার তথ্যও উঠে এসেছে। একই সঙ্গে শরী'আহ্ লঙ্ঘন অথবা সন্দেহজনক আয় পৃথকীকরণ, অভ্যন্তরীণ শরী'আহ্ অডিট, কমপ্লায়েন্স মনিটরিং, মুরাকিবদের পরিদর্শন, কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ এবং নতুন পণ্যের শরী'আহ্ মূল্যায়নের গুরুত্ব প্রতিবেদনে প্রতিফলিত হয়েছে। বর্তমান গবেষণায় ব্যাংকের শরী'আহ্ পরিপালনের প্রত্যক্ষ কোনো নিরীক্ষা করা হয়নি; বরং বার্ষিক শরী'আহ্ প্রতিবেদনের তথ্যের ভিত্তিতে শরী'আহ্ গভর্ন্যান্সের প্রকাশ্য চিত্রের মূল্যায়ন করা হয়েছে। গবেষণায় সুপারিশ করা হয়েছে যে, শরী'আহ্ প্রতিবেদনকে আরও বিস্তারিত ও জবাবদিহিমূলক করা, কমিটির স্বাধীনতা ও সক্ষমতা বৃদ্ধি, প্রযুক্তিনির্ভর রিয়েল-টাইম শরী'আহ্ কমপ্লায়েন্স ব্যবস্থা চালু, অভ্যন্তরীণ শরী'আহ্ অডিট, এক্সটার্নাল শরী'আহ্ অডিট চালু, শরী'আহ্ লঙ্ঘনের ক্ষেত্রে অভিন্ন

জবাবদিহিমূলক নীতি প্রণয়ন এবং শরী'আহ্ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করা। নির্দেশিত সুপারিশসমূহ কার্যকরভাবে বাস্তবায়িত হলে বাংলাদেশের ইসলামী ব্যাংকিং ব্যবস্থা আরও স্বচ্ছ, জবাবদিহিমূলক ও শরী'আহ্সম্মত আর্থিক ব্যবস্থা হিসেবে প্রতিষ্ঠিত হতে পারে।

মূলশব্দ: ইসলামী ব্যাংক, শরী'আহ্ গভর্ন্যান্স, শরী'আহ্ সুপারভাইজরি কমিটি, AAOIFI, মুরাকিব, শরী'আহ্ কমপ্লায়েন্স

১. উপস্থাপনা

ইসলামী ব্যাংকের আর্থিক লেনদেন, বিনিয়োগ, পণ্য ও সেবা এবং সংশ্লিষ্ট চুক্তিসমূহ শরী'আহ্র বিধান অনুযায়ী হওয়ার দাবি করে। ফলে কোনো ব্যাংককে শুধু 'ইসলামী' নামে পরিচালনা করাই যথেষ্ট নয়; বরং ব্যাংকের প্রতিটি কার্যক্রম বাস্তবে শরী'আহ্সম্মত কি না, তা নিশ্চিত করার জন্য একটি কার্যকর ও স্বাধীন শরী'আহ্ তদারকি কাঠামো অপরিহার্য। এ কারণেই ইসলামী আর্থিক প্রতিষ্ঠানে শরী'আহ্ সুপারভাইজরি বোর্ড/কমিটি (Shari'ah Supervisory Board/Committee-SSB/SSC) প্রতিষ্ঠার ধারণা বিকশিত হয়েছে। AAOIFI-এর দৃষ্টিতে শরী'আহ্ সুপারভাইজরি বোর্ড হলো ফিকহুল মু'আমালাত বিষয়ে বিশেষজ্ঞ আলেমদের সমন্বয়ে গঠিত একটি স্বাধীন প্রতিষ্ঠান, যার প্রধান উদ্দেশ্য হলো ইসলামী আর্থিক প্রতিষ্ঠানের কার্যক্রম শরী'আহ্র বিধান অনুযায়ী পরিচালিত হচ্ছে কি না তা তদারকি করা। AAOIFI-এর নীতিমালায় প্রত্যেক ইসলামী আর্থিক প্রতিষ্ঠানে শরী'আহ্ সুপারভাইজরি বোর্ড থাকার বিষয়টি গুরুত্বের সঙ্গে উল্লেখ করা হয়েছে। একইভাবে ইসলামী ব্যাংকিং বিষয়ে বিদ্যমান সাহিত্যে এ বোর্ডের স্বাধীনতা, শরী'আহ্ নির্দেশনা প্রদান, চুক্তি ও পণ্য অনুমোদন, ব্যাংকের কার্যক্রম পর্যালোচনা এবং শরী'আহ্সম্মত কার্যক্রম নিশ্চিত করার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। বাংলাদেশে ইসলামী ব্যাংকিংয়ের ক্রমবর্ধমান প্রসারের সঙ্গে শরী'আহ্ গভর্ন্যান্সের গুরুত্বও বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন নির্দেশনা এবং সর্বশেষ IBRPD Circular No. 1, 28 September 2025-এর আলোকে ইসলামী ব্যাংকের শরী'আহ্ তদারকি, অভ্যন্তরীণ শরী'আহ্ অডিট, শরী'আহ্ কমপ্লায়েন্স এবং সংশ্লিষ্ট বিভাগগুলোর ভূমিকা আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। শরী'আহ্ সুপারভাইজরি কমিটি কেবল ফাতওয়া বা মতামত প্রদানকারী প্রতিষ্ঠান নয়; বরং ব্যাংকের নীতিমালা, চুক্তি, পণ্য, বিনিয়োগ কার্যক্রম ও পরিচালনাগত সিদ্ধান্তের ওপর স্বাধীন শরী'আহ্ নিশ্চয়তা প্রদানকারী একটি গুরুত্বপূর্ণ গভর্ন্যান্স প্রতিষ্ঠান। তবে শরী'আহ্ সুপারভাইজরি কমিটি থাকলেই যে ব্যাংকের সকল কার্যক্রম কার্যকরভাবে শরী'আহ্সম্মত হচ্ছে, এমন নিশ্চয়তা পাওয়া যায় না। কমিটির সদস্য সংখ্যা, সদস্যদের যোগ্যতা ও দক্ষতা, শরী'আহ্ অডিট ও পরিদর্শনের পরিধি, মুরাকিবদের কার্যক্রম, কর্মকর্তা-কর্মচারীদের শরী'আহ্ প্রশিক্ষণ, নতুন পণ্য ও সেবার শরী'আহ্ মূল্যায়ন, শরী'আহ্লঙ্ঘন শনাক্তকরণ ও সংশোধন এবং শরী'আহ্-অগ্রহণযোগ্য আয় ব্যবস্থাপনার মতো বিষয়গুলো কমিটির কার্যকারিতা নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বর্তমান

গবেষণায় বাংলাদেশের ৫টি পূর্ণাঙ্গ ইসলামী ব্যাংকের ২০২৩, ২০২৪ ও ২০২৫ সালের বার্ষিক প্রতিবেদনে প্রকাশিত তথ্য পর্যালোচনার ওপর বিশ্লেষণ করা হয়েছে। বিশেষত, পর্যালোচিত প্রতিবেদনে দেখা যায় যে, চুক্তি ও বিনিয়োগ কার্যক্রম শরী'আহ্র নীতিমালা অনুযায়ী সম্পাদিত হলেও বাস্তবায়ন পর্যায়ে কিছু শরী'আহ্ লঙ্ঘন শনাক্ত হয়েছে। এ ধরনের লঙ্ঘন থেকে অর্জিত আয় এবং অন্যান্য শরী'আহ্-অগ্রহণযোগ্য আয় বিনিয়োগ হিসাবধারীদের মধ্যে বিতরণ না করার বিষয়টিও প্রতিবেদনে উল্লেখ রয়েছে। একই সঙ্গে শাখা পর্যায়ে শরী'আহ্ লঙ্ঘনের ঝুঁকি কমানোর জন্য অভ্যন্তরীণ শরী'আহ্ অডিট ও কমপ্লায়েন্স মনিটরিং করার এবং প্রযুক্তিনির্ভর রিয়েল-টাইম শরী'আহ্ কমপ্লায়েন্স ব্যবস্থা চালুর প্রয়োজনীয়তার কথাও বলা হয়েছে। তদুপরি বার্ষিক শরী'আহ্ প্রতিবেদনসমূহে শরী'আহ্ নির্দেশনাবলি বাস্তবায়নে শরী'আহ্ সুপারভাইজরি কমিটির সক্ষমতা ও স্বাধীনতা বৃদ্ধি, শরী'আহ্ লঙ্ঘনে শাস্তিমূলক নীতির প্রয়োগ এবং শরী'আহ্ বিষয়াদির অধিকতর প্রচার-প্রসারের সুপারিশ করা হয়েছে।

২. গবেষণা প্রশ্ন

বর্তমান গবেষণাটি নিম্নোক্ত গবেষণা প্রশ্নের আলোকে পরিচালিত হয়েছে-

- বাংলাদেশের পূর্ণাঙ্গ ইসলামী ব্যাংকসমূহের বার্ষিক শরী'আহ্ প্রতিবেদনে শরী'আহ্ গভর্ন্যান্সের চিত্র কিভাবে প্রতিফলিত হয়েছে?

৩. গবেষণা উদ্দেশ্য

বর্তমান গবেষণাটির উদ্দেশ্য হলো, বাংলাদেশের পূর্ণাঙ্গ ইসলামী ব্যাংকসমূহের বার্ষিক শরী'আহ্ প্রতিবেদন পর্যালোচনাপূর্বক শরী'আহ্ গভর্ন্যান্সের চিত্র তুলে ধরা।

৪. সাহিত্য পর্যালোচনা ও গবেষণা ঘাটতি (Research Gap)

শরী'আহ্ সুপারভাইজরি কমিটি ইসলামী আর্থিক প্রতিষ্ঠানের শরী'আহ্ গভর্ন্যান্স কাঠামোর একটি অপরিহার্য অঙ্গ। ইসলামী ব্যাংকিংয়ের প্রাথমিক পর্যায়ের সাহিত্যেও ব্যাংকের কার্যক্রমের সঙ্গে শরী'আহ্ বিশেষজ্ঞদের ধারাবাহিক সম্পৃক্ততার প্রয়োজনীয়তা তুলে ধরা হয়েছে। John R. Presley-এর আলোচনায় ইসলামী ব্যাংকের কাঠামো ও কার্যক্রমের সঙ্গে ধর্মীয়/শরী'আহ্ বিশেষজ্ঞদের অব্যাহত সম্পৃক্ততার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করা হয়েছে। একইভাবে তিনি শরী'আহ্ বোর্ডের অভ্যন্তরীণ ও বাহ্যিক স্বাধীনতার ওপর বিশেষ গুরুত্ব দিয়েছেন।[১] এ গ্রন্থে ইসলামী ব্যাংকিংয়ের তাত্ত্বিক কাঠামো, কার্যক্রম, শরী'আহ্ তদারকি এবং বিভিন্ন দেশের ব্যাংকিং আইন ও কেস স্টাডি আলোচনা করা হয়েছে। বর্তমান গবেষণার সঙ্গে সাদৃশ্য হলো শরী'আহ্ তদারকি ও প্রাতিষ্ঠানিক কাঠামো এখানে আলোচিত

[1]. John R. Presley (edt.), *The Evolution of Islamic Banking, in Directory of Islamic Financial Institutions* (United Kingdom: International Centre for Islamic Studies (Croom Helm Ltd.), 1988)

হয়েছে, তবে বর্তমান গবেষণা বাংলাদেশের পূর্ণাঙ্গ ইসলামী ব্যাংকসমূহের ২০২৩-২০২৫ সালের বার্ষিক শরী'আহ্ প্রতিবেদনভিত্তিক, যা বর্তমান গবেষণার ক্ষেত্রে গবেষণা ঘাটতি হিসেবে বিবেচিত।

AAOIFI শরী'আহ্ স্ট্যান্ডার্ডস-১ এবং IFSB-22 ইসলামী আর্থিক প্রতিষ্ঠানের শরী'আহ্ গভর্ন্যান্স মূল্যায়নের জন্য দু'টি গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক স্ট্যান্ডার্ডস। AAOIFI-এর Revised Shari'ah Governance Framework শরী'আহ্ গভর্ন্যান্সের প্রাতিষ্ঠানিক কাঠামো, শরী'আহ্ সুপারভাইজরি বোর্ডের গঠন, স্বাধীনতা, দায়িত্ব ও কার্যক্রম এবং শরী'আহ্ পর্যালোচনা ও রিপোর্টিংকে একটি সমন্বিত কাঠামোর আওতায় নিয়ে আসে; একই ধারাবাহিকতায় শরী'আহ্ স্ট্যান্ডার্ডস-১৯, ২০, ২১ ও ২২ এ যথাক্রমে শরী'আহ্ সুপারভাইজরি বোর্ডের নিয়োগ, গঠন এবং কার্যক্রম বিষয়ে নির্দিষ্ট নির্দেশনা প্রদান করে।[২] অপরদিকে, IFSB-22-এর Table 30 বার্ষিক শরী'আহ্ গভর্ন্যান্স প্রতিবেদনের গুণবাচক ও পরিমাণবাচক উপাদান নির্ধারণ করেছে; যার মধ্যে শরী'আহ্ গভর্ন্যান্সের কাঠামো, পরিচালনা পর্ষদ ও গভর্ন্যান্স-সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জবাবদিহিতা, শরী'আহ্ সুপারভাইজরি বোর্ডের স্বাধীনতা ও সদস্যদের যোগ্যতা, বোর্ডের শরী'আহ্ পরিপালনসংক্রান্ত মতামত, শরী'আহ্ পরিপালন-বহির্ভূত ঘটনার বিবরণ, শরী'আহ-অসঙ্গত আয়, সংশোধন ও প্রতিকার প্রক্রিয়া, শরী'আহ্ লঙ্ঘনসংক্রান্ত তথ্য প্রকাশ উল্লেখযোগ্য।[৩] বর্তমান গবেষণায় এ দুটি আন্তর্জাতিক মানদণ্ডকে মূল প্রতিপাদ্য বিবেচনা করে বাংলাদেশের পূর্ণাঙ্গ ইসলামী ব্যাংকগুলোর ২০২৩-২০২৫ সালের বার্ষিক শরী'আহ্ প্রতিবেদনে শরী'আহ্ পরিপালন, শরী'আহ্ সুপারভাইজরি কমিটির কার্যক্রম, জবাবদিহিতা, শরী'আহ্ লঙ্ঘনের প্রতিকার ইত্যাদির প্রকৃতি ও পর্যাপ্ততা তুলনামূলকভাবে মূল্যায়ন করা যেতে পারে। তাই এ দুটি স্ট্যান্ডার্ডস বর্তমান গবেষণার একটি উল্লেখযোগ্য উপাদান হিসেবে বিবেচিত।

ড. আহমদ আলী রচিত 'ইসলামী ব্যাংকিংয়ে শরীয়া পরিপালন ও লঙ্ঘন: সমস্যা ও উত্তরণ ভাবনা'[৪] শীর্ষক গ্রন্থটিতে ইসলামী ব্যাংকে পালনীয় নীতিসমূহ, এগুলোর

2. Accounting and Auditing Organization for Islamic Financial Institutions (AAOIFI), *AAOIFI Governance Standard (GS) (Revised 2024)* (Manama, Bahrain: AAOIFI, 2024), GS-1 "Shari'ah Governance Framework"; AAOIFI GS-19 "Shari'ah Supervisory Board: Appointment and Composition"; AAOIFI GS-20 "Shari'ah Supervisory Board: Functions and Operations"; AAOIFI GS-21 "Shari'ah Supervisory Board: Review and Report"; and AAOIFI GS-22 "Application of Shari'ah Governance Principles to Islamic Finance Subsidiaries / Associates".

3. Islamic Financial Services Board (IFSB), *Revised Standard on Disclosures to Promote Transparency and Market Discipline for Institutions Offering Islamic Financial Services (Banking Segment)* (Kuala Lumpur: Islamic Financial Services Board, 2018), Table 4, 108.

4. Dr. Ahmad Ali, Islami Banking-e Shari'ah Paripalan o Longghon: Samasya o Uttoron Bhabna (Dhaka: Prochchhad Prokashan, 2025)

প্রায়োগিক অবস্থা ও ত্রুটিবিচ্যুতিগুলো বিশদভাবে পর্যালোচনা করা হয়েছে। মূলতঃ এটি একটি তাত্ত্বিক গ্রন্থ, যা বর্তমান গবেষণার তত্ত্বগত কাঠামো গঠনে ভূমিকা পালন করেছে। ১৩টি অধ্যায়ে সমৃদ্ধ এ গ্রন্থটি ইসলামী ব্যাংকের শরী'আহ্ পরিপালনকে কেন্দ্র করে রচিত হলেও বর্তমান গবেষণার বিষয়বস্তু বার্ষিক শরী'আহ্ প্রতিবেদনের বিষয়টি এ গ্রন্থে অনুল্লিখিত।

মুহাম্মদ মাহফুজুর রহমান ও বিএম হাবিবুর রহমান সম্পাদিত 'ইসলামী ব্যাংকিং-এ শরীয়াহ (পরিপালন, প্রয়োগ, পদ্ধতি)'[৫] গ্রন্থটি ইসলামী ব্যাংকিংয়ে শরী'আহ্র ধারণা, পরিপালন ও বাস্তব প্রয়োগের প্রায়োগিক দিককে কেন্দ্র করে রচিত। এ গ্রন্থটিও বর্তমান গবেষণা উভয়ই ইসলামী ব্যাংকের শরী'আহ্ পরিপালন ও প্রয়োগকে গুরুত্ব দেয়। তবে বর্তমান গবেষণাটি বাংলাদেশের পূর্ণাঙ্গ ইসলামী ব্যাংকসমূহের ২০২৩-২০২৫ সালের বার্ষিক শরী'আহ্ প্রতিবেদনকে উপাত্ত হিসেবে নিয়ে শরী'আহ্ গভর্ন্যান্স ও শারী'আহ্ লঙ্ঘনে প্রতিকার পদ্ধতি বিশ্লেষণ করেছে; ফলে বর্তমান গবেষণাটি এ গ্রন্থের সাধারণ ও প্রায়োগিক আলোচনার তুলনায় অধিক সমকালীন, প্রতিবেদনভিত্তিক ও মানদণ্ডনির্ভর।

Md. Faruk Abdullah ও Asmak Ab Rahman-এর[৬] গবেষণায় বাংলাদেশের ইসলামী ব্যাংকের শরী'আহ্ গভর্ন্যান্স কাঠামো, সমস্যা ও চ্যালেঞ্জ বিশ্লেষণ করা হয়েছে। গবেষণায় সাক্ষাৎকার ও নথি পর্যালোচনা পদ্ধতি ব্যবহৃত হয়েছে। গবেষণায় দেখা যায়, শরী'আহ্ গভর্ন্যান্স মূলতঃ ব্যাংকগুলোর স্বেচ্ছাপ্রণোদিত উদ্যোগনির্ভর। বর্তমান গবেষণার সঙ্গে এর পরিধিগত সাদৃশ্য শরী'আহ্ গভর্ন্যান্স লক্ষ্যণীয় হলেও বর্তমান গবেষণা ২০২৩-২০২৫ সালের বার্ষিক শরী'আহ্ প্রতিবেদন বিশ্লেষণ বিবেচনায় গবেষণা ঘাটতি রয়েছে।

উপরোক্ত সাহিত্য পর্যালোচনা থেকে প্রতীয়মান হয় যে, বিদ্যমান গবেষণাগুলোতে শরী'আহ্ সুপারভাইজরি কমিটির গুরুত্ব, দায়িত্ব, স্বাধীনতা এবং শরী'আহ্ কমপ্লায়েন্স নিশ্চিতকরণে ভূমিকা নিয়ে যথেষ্ট আলোচনা রয়েছে। কিন্তু বাংলাদেশের ইসলামী ব্যাংকগুলোর প্রকাশিত শরী'আহ্ প্রতিবেদনকে ভিত্তি করে কমিটির বাস্তব কার্যক্রমের তুলনামূলক মূল্যায়ন অপেক্ষাকৃত সীমিত। বিশেষ করে শরী'আহ্ সুপারভাইজরি কমিটির শরী'আহ্ অডিট ও পরিদর্শনের বাস্তবতা, মুরাকিব কর্তৃক শাখা পরিদর্শন, কর্মকর্তা-কর্মচারীদের শরী'আহ্ প্রশিক্ষণ, নতুন পণ্য ও বিদ্যমান পণ্যের শরী'আহ্ মূল্যায়ন, শরী'আহ্ লঙ্ঘন শনাক্ত ও সংশোধনের ব্যবস্থা এবং

5. Muhammad Mahfuzur Rahman and B. M. Habibur Rahman, *Islami Banking-e Shari'ah: Paripalan, Proyog, Paddhati* (Dhaka: Kamiab Prokashan Limited, 2006).

6. Md. Faruk Abdullah and Asmak Ab Rahman, "Shari'ah Governance of Islamic Banks in Bangladesh: Issues and Challenges," *Journal of Islamic Economics, Banking and Finance,* 13:3 (2017): 82–94.

শরী'আহ্ প্রতিবেদন প্রকাশের মতো বিষয়গুলোকে একই কাঠামোর অধীনে তুলনা করে মূল্যায়নের প্রয়োজন রয়েছে। এই গবেষণা সেই ঘাটতি পূরণের চেষ্টা করেছে। প্রকাশিত সাহিত্য পর্যালোচনায় বাংলাদেশের ইসলামী ব্যাংকসমূহের বার্ষিক শরী'আহ্ প্রতিবেদনকে ভিত্তি করে এ ধরনের তুলনামূলক ও সমন্বিত গবেষণা অপ্রতুল বলে প্রতীয়মান হয়েছে।

৫. গবেষণা পদ্ধতি

বর্তমান গবেষণাটি একটি গুণগত গবেষণা। গুণগত গবেষণার অংশ হিসেবে নথি বিশ্লেষণ করে তথ্য সংগ্রহ করা হয়েছে। বাংলাদেশে ইসলামী ব্যাংকসমূহের শরী'আহ্ সুপারভাইজরি কমিটির রিপোর্ট থেকে তথ্য সংগ্রহ করার লক্ষ্যে বাংলাদেশের ৬টি পূর্ণাঙ্গ ইসলামী ব্যাংক থেকে সদ্য প্রতিষ্ঠিত সম্মিলিত ইসলামী ব্যাংক ছাড়া বাকী ৫টি ব্যাংকের (ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি, আল-আরাফাহ ইসলামী ব্যাংক পিএলসি, শাহজালাল ইসলামী ব্যাংক পিএলসি, আইসিবি ইসলামী ব্যাংক লিমিটেড, স্ট্যান্ডার্ড ইসলামী ব্যাংক পিএলসি) শরী'আহ্ সুপারভাইজরি কমিটির রিপোর্ট এ গবেষণায় উপাত্ত হিসেবে বিবেচিত হয়েছে। সম্মিলিত ইসলামী ব্যাংকের অর্ন্তভুক্ত ব্যাংকসমূহের ২০২৩-২৫ সালের রিপোর্ট ধারাবাহিকভাবে প্রকাশের তথ্য না থাকায় এবং আইসিবি ইসলামী ব্যাংক-এর ২০২৫ সালের বার্ষিক প্রতিবেদন প্রকাশিত না হওয়ায় পর্যালোচনা করা যায়নি। নির্বাচিত রিপোর্টসমূহ পর্যালোচনা করে, তুলনামূলক বিশ্লেষণ (Comparative Analysis) পদ্ধতিতে শরী'আহ্ সুপারভাইজরি কমিটির দায়িত্ব-কর্তব্য এবং প্রকাশিত প্রতিবদনে তার প্রতিফলন মূল্যায়ন করা হয়েছে।

৬. তত্ত্বগত কাঠামো

একটি গবেষণার ভিত্তি ও দিকনির্দেশনা নির্ধারণে গবেষণার তত্ত্বগত (Theoretical) কাঠামো অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি গবেষণার বিষয়বস্তুকে সুনির্দিষ্ট করে এবং গবেষণার প্রক্রিয়া সুসংগঠিত করার জন্য কাঠামো প্রদান করে। গবেষণার জন্য তত্ত্বগত কাঠামো একটি নির্দিষ্ট দৃষ্টিকোণ থেকে সমস্যা বিশ্লেষণ করতে সহায়তা করে। নিম্নে বর্তমান গবেষণার তত্ত্বগত বিষয়গুলো উপস্থাপন করা হলো-

৬.১ ইসলামী ব্যাংক

ইসলামী ব্যাংক একটি আর্থিক প্রতিষ্ঠান যা ব্যাংকিং ক্ষেত্রে ইসলামের অর্থনৈতিক বিধি-নিষেধ পরিপালন করে এবং লেনদেনের সকল ক্ষেত্রে সুদ পরিত্যাগ করে। ইসলামী সম্মেলন সংস্থা (OIC) ভাষ্যানুসারে ইসলামী ব্যাংক হলো, "Islami Bank is a financial institution whose statutes, rules and procedures expressly state its commitment to the principles of Islamic Shariah and to the banning of the receipt and payment of interest on any of

its operations."[৭] অর্থাৎ, "ইসলামী ব্যাংক এমন একটি আর্থিক প্রতিষ্ঠান, যা তার উদ্দেশ্য, মূলনীতি এবং কর্মপদ্ধতির সকল স্তরে ইসলামী শরী'আহর সকল নীতিমালা মেনে চলে এবং তার সকল কার্যক্রমে সুদের লেনদেন সম্পূর্ণরূপে বর্জন করে।" বর্তমানে বাংলাদেশে ৬টি ব্যাংক পূর্ণাঙ্গ ইসলামী ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। এগুলো হলো- ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি (১৯৮৩), আইসিবি ইসলামী ব্যাংক (১৯৮৭), আল-আরাফাহ ইসলামী ব্যাংক পিএলসি (১৯৯৫), শাহজালাল ইসলামী ব্যাংক পিএলসি (২০০১), স্ট্যান্ডার্ড ইসলামী ব্যাংক পিএলসি (২০২১) এবং সম্মিলিত ইসলামী ব্যাংক পিএলসি (২০২৫)। ৩০ নভেম্বর ২০২৫ সালে বাংলাদেশ ব্যাংকের চূড়ান্ত অনুমোদনের মাধ্যমে সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড (১৯৯৫), এক্সিম ব্যাংক লিমিটেড (কনভেশনাল থেকে কনভার্শন-২০০৪), ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড (কনভার্শন-২০০৯), ইউনিয়ন ব্যাংক লিমিটেড (২০১৩) এবং গ্লোবাল ইসলামী ব্যাংক (২০২১)- কে একীভূত করে সম্মিলিত ইসলামী ব্যাংক বাংলাদেশের একটি রাষ্ট্রায়ত্ত শরী'আহ্ভিত্তিক বাণিজ্যিক ব্যাংক হিসেবে প্রতিষ্ঠিত হয়।[৮] ১২মার্চ ২০২০ সালে যমুনা ব্যাংকও পূর্ণাঙ্গ ইসলামী ব্যাংকিং-এ রূপান্তরিত হওয়ার অনুমোদন লাভ করলেও অদ্যাবধি পূর্ণাঙ্গ ইসলামী ব্যাংকিং এ রূপান্তরিত হয়নি। এ ব্যাংকটির মোট শাখা ১৬৮টি, তন্মধ্যে ইসলামী ব্যাংকিং শাখা মাত্র ২টি।[৯] এছাড়াও ১৬টি প্রচলিত ধারার (কনভেনশনাল ব্যাংকিং) ব্যাংকের মোট ৩৩টি ইসলামী ব্যাংকিং শাখা রয়েছে; একইসাথে ১৯টি প্রচলিত ধারার (কনভেনশনাল ব্যাংকিং) ব্যাংকের ৭৫০টি উইন্ডো ইসলামী ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে।[১০]

৬.২ শরী'আহ্ গভর্ন্যান্স

শরী'আহ্ গভর্ন্যান্সের পরিচয় সুনির্দিষ্ট ও নির্ধারিত নয়; বরং বিভিন্ন স্ট্যান্ডার্ডস ও গবেষকের লিখনীতে এর একটি ধারণা পাওয়া যায়। Islamic Financial Services Board (IFSB) এর সংজ্ঞানুসারে,

---

7. A. S. M. Fakhrul Ahsan, M. Azizul Huq and Md. Sharif Hussain (ed.), *Text book on Islamic Banking* (Dhaka : Islamic Economics Research Bureau, 2003), 71.
8. Hamid Biswas, "Pach Bank Ekibhut Kore 'Sammilita Islami Bank', Churanto Anumodan", *Daily Jugantor*, 30 November 2025, https://www.jugantor.com/bank/1035326; Churanta Anumodan Pel "Sammilita Islami Byank". *Daily Kaler Kantho*, 30 November 2025, https://www.kalerkantho.com/online/business/2025/11/30/1613292
9. 'All Branch', Jamuna bank, Collected:15/02/2025, https://jamunabankbd.com/branches-list/
10. Dr. Sayera Younus (ed.), *Quarterly Report on Islamic Banking in Bangladesh*, *July-September, 2024* (Dhaka: Islamic Economic Wing Research Department Bangladesh Bank, September 2024), 3.

a shari'ah governance system refers to "…the set of institutional and organisational arrangements through which an Islamic financial institution ensures that there is effective independent oversight of Sharī`ah compliance over each of the following structures and processes." These structures and processes are: The key structures and processes include: (a) issuance of Shari'ah pronouncements and resolutions; (b) dissemination of these decisions to relevant personnel; (c) internal Shari'ah compliance review or audit; and (d) annual Shari'ah compliance review and audit by the Shari'ah Board.[১১]

শরী'আহ্ গভর্ন্যান্স ব্যবস্থা বলতে বোঝায়– "এমন একগুচ্ছ প্রাতিষ্ঠানিক ও সাংগঠনিক ব্যবস্থা, যার মাধ্যমে একটি ইসলামী আর্থিক প্রতিষ্ঠান (IFI) নিম্নোক্ত প্রতিটি কাঠামো ও প্রক্রিয়ার ওপর শরী'আহ্ পরিপালনের কার্যকর ও স্বাধীন তদারকি নিশ্চিত করে।" এর প্রধান কাঠামো ও প্রক্রিয়াগুলো হলো: (ক) শরী'আহ্ ঘোষণা ও সিদ্ধান্ত প্রণয়ন; (খ) সংশ্লিষ্ট কর্মীদের মধ্যে এসব সিদ্ধান্তের তথ্য প্রচার; (গ) অভ্যন্তরীণ শরী'আহ্ পরিপালন পর্যালোচনা বা অডিট; এবং (ঘ) শরী'আহ্ বোর্ডের মাধ্যমে বার্ষিক শরী'আহ্ পরিপালন পর্যালোচনা ও অডিট।

সর্বোপরি, শরী'আহ্ গভর্ন্যান্স হলো, ইসলামী আর্থিক প্রতিষ্ঠানের এমন প্রাতিষ্ঠানিক ও সাংগঠনিক ব্যবস্থা, যার মাধ্যমে স্বাধীন তদারকি, শরী'আহ্ পরিপালন, পর্যালোচনা, জবাবদিহিতা ও তথ্য প্রকাশ নিশ্চিত করে প্রতিষ্ঠানের কার্যক্রম ও লেনদেন শরী'আহর নীতি ও বিধানের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ রাখা হয়।

৬.৩ শরী'আহ্ সুপারভাইজরি কমিটি

ইসলামী ব্যাংকের আমানত, বিনিয়োগসহ সকল কার্যক্রমে শরী'আহ্র মূলনীতিসমূহ অনুসরণ করা হচ্ছে কী না, এ বিষয়টি পর্যবেক্ষণ ও মনিটরিং, প্রয়োজনীয় পরামর্শ ও দিক-নির্দেশনা প্রদান করার লক্ষ্যে ইসলামী ব্যাংক শরী'আহ্ বিশ্লেষক, ব্যাংকার, অর্থনীতিবিদদের সমন্বয়ে গঠিত একটি স্বাধীন সংস্থার নাম শরী'আহ্ বোর্ড বা শরী'আহ্ সুপারভাইজরি কমিটি। AAOIFI কর্তৃক প্রদত্ত সংজ্ঞায় বলা হয়েছে : A Shariah supervisory board is an independent body of specialized jurists in fiqh al muamalat. অর্থাৎ, ফিকহুল মু'আমালাত (ইসলামী ব্যবসা-বাণিজ্য আইন) বিষয়ে বিশেষজ্ঞ পর্যায়ের ফক্বীহগণের (ইসলামী আইনবিদ) সমন্বয়ে গঠিত একটি স্বাধীন সত্তাই হলো শরী'আহ্ সুপারভাইজরি বোর্ড।[১২]

11. Islamic Financial Services Board (IFSB), ibid, Table 4, 2-3.
12. AAOIFI, ibid, AAOIFI GS-19 "Shari'ah Supervisory Board: Appointment and Composition"; AAOIFI GS-21 "Shari'ah Supervisory Board: Review and Report".

বাংলাদেশে প্রথমে শরী'আহ্ কাউন্সিল বলা হলেও ২০০৯ সালের বাংলাদেশ ব্যাংকের Banking Regulation & Policy Department (BRPD)-এর ১৫ নং সার্কুলার অনুসারে শরী'আহ্ সুপারভাইজরি কমিটি বলা হয়ে থাকে। ব্যাংকের পরিচালকগণ একটি স্বাধীন শরী'আহ্ সুপারভাইজরি কমিটি গঠন করবে।[১৩] কিন্তু ২০০৯ সালের সার্কুলারে শরী'আহ্ সুপারভাইজরি কমিটির সদস্যসংখ্যা কত হবে, তা নির্ধারিত ছিলো না; সবশেষ ২০২৫ সালে বাংলাদেশ ব্যাংকের আইবিআরপিডি সার্কুলার নং-০১ এ এ কমিটির সদস্য সংখ্যা ৩ অথবা ৫ জন হবেন বলে উল্লেখ করা হয়েছে।[১৪]

৬.৪ পরিচালনা পর্ষদ

ইসলামী ব্যাংকের পরিচালনা পর্ষদ ব্যাংকের নীতি নির্ধারণ ও ব্যবস্থাপনা তদারকির দায়িত্বপ্রাপ্ত সর্বোচ্চ পর্ষদ। পর্ষদ ব্যাংকের কৌশল, ঝুঁকি ব্যবস্থাপনা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ তদারকি করে এবং পণ্য, সেবা ও কার্যক্রমের শরী'আহ্ পরিপালন নিশ্চিত করার চূড়ান্ত দায়িত্ব পালন করে।

৬.৫ ব্যবস্থাপনা

বাংলাদেশের ইসলামী ব্যাংকসমূহে ব্যবস্থাপনা বলতে ব্যবস্থাপনা পরিচালকসহ ঊর্ধ্বতন কর্মকর্তাদের নেতৃত্বে ব্যাংকের দৈনন্দিন কার্যক্রম পরিচালনার ব্যবস্থাকে বোঝায়। পরিচালনা পর্ষদ ও শরী'আহ্ সুপারভাইজরি কমিটির অনুমোদিত নীতি ও কৌশল বাস্তবায়ন, কর্মকর্তা-কর্মচারীদের কাজ সমন্বয়, ঝুঁকি ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণব্যবস্থা পরিচালনা এবং ব্যাংকিং কার্যক্রমে শরী'আহ্ নীতির পরিপালন নিশ্চিত করা তাদের প্রধান দায়িত্ব। এ ছাড়া শরী'আহ্ পরিপালনে কোনো বিচ্যুতি দেখা দিলে তা সমাধানের উদ্যোগ নেওয়া ও পরিচালনা পর্ষদকে অবহিত করা ব্যবস্থাপনার জবাবদিহির অংশ।

৬.৬ শরী'আহ্ সচিবালয়

বাংলাদেশের ইসলামী ব্যাংকসমূহে শরী'আহ্ সচিবালয় হলো শরী'আহ্ সুপারভাইজরি কমিটির কাজ পরিচালনায় সহায়তাকারী প্রশাসনিক ও সমন্বয়কারী সেক্রেটারিয়েট। এটি শরী'আহ্ সুপারভাইজরি কমিটির সভার কার্যক্রম ও প্রয়োজনীয় নথিপত্র প্রস্তুত, ব্যাংকের বিভিন্ন বিভাগের উত্থাপিত শরী'আহ্ বিষয়ক প্রশ্ন কমিটির

13. Bangladesh Bank, *BRPD Circular No. 15* : *Guidelines for Islamic Banking* (Dhaka: Bangladesh Bank, November 9, 2009)
14. Bangladesh Bank, *IBRPD Circular No. 1* : Islami Banking Karyakram Parichalanakari Bank-Companir Shariah Supervisory Committee (SSC)-er Gathan, Sadasya Niyog-Opasaran o Dayitva-Kartabya Samparke Nitala Prasange (Dhaka: Bangladesh Bank, September 28, 2025)

কাছে উপস্থাপন, সিদ্ধান্ত সংশ্লিষ্ট বিভাগে পৌঁছে দেওয়া এবং সেগুলোর বাস্তবায়ন অনুসরণে ভূমিকা রাখে।

৬.৭ অভ্যন্তরীণ শরী'আহ্ নিরীক্ষা

অভ্যন্তরীণ শরী'আহ্ নিরীক্ষা হলো ব্যাংকের লেনদেন, শাখা ও কার্যক্রম শরী'আহ্ নীতিমালা অনুযায়ী পরিচালিত হচ্ছে কী না, তা স্বাধীনভাবে যাচাইয়ের প্রক্রিয়া। নিরীক্ষায় পাওয়া ব্যাংকিং কার্যক্রমে শরী'আহ্ বিচ্যুতি ও লঙ্ঘন প্রতিবেদনে তুলে ধরে সংশোধনের সুপারিশ করা হয় এবং সংশোধনী বাস্তবায়ন হচ্ছে কী না, তা পর্যবেক্ষণ করা হয়।

৬.৮ শরী'আহ্ পরিপালন

বাংলাদেশের ইসলামী ব্যাংকসমূহে শরী'আহ্ পরিপালন বলতে ব্যাংকের প্রোডাক্ট, চুক্তি, লেনদেন ও দৈনন্দিন কাজ ইসলামী শরী'আহ্ অনুযায়ী পরিচালনাকে বোঝায়। শরী'আহ্ পরিপালনের জন্য ব্যাংক শরী'আহ্ গাইডলাইন অনুসরণ এবং নিয়মিত কার্যক্রম পর্যালোচনা করে। কোনো লেনদেনে শরী'আহ্ নীতি লঙ্ঘিত হলে তা শনাক্ত ও সংশোধনের ব্যবস্থা নেওয়া হয়। এ প্রক্রিয়ায় শরী'আহ্ সুপারভাইজরি কমিটি নির্দেশনা দেয়, আর ব্যবস্থাপনা ও পরিচালনা পরিষদ তা বাস্তবায়ন করে।

৬.৯ মুরাকিব

বাংলাদেশের ইসলামী ব্যাংকে মুরাকিব হলেন শরী'আহ্ অডিটর, পরিদর্শক, যিনি ব্যাংকের কার্যক্রম শরী'আহ্ অনুযায়ী পরিপালিত হচ্ছে কী না, তা যাচাই করেন। তিনি শাখার লেনদেন, চুক্তি ও নথিপত্র পরীক্ষা করে কোনো অনিয়ম বা সন্দেহজনক আয় থাকলে তা শনাক্ত করেন। পরিদর্শনের রিপোর্ট শরী'আহ্ সচিবালয়, ব্যবস্থাপনা ও শরী'আহ্ সুপারভাইজরি কমিটির কাছে প্রতিবেদনের মাধ্যমে তুলে ধরেন। পাশাপাশি কমিটির নির্দেশনা বাস্তবায়নে সহায়তা এবং ব্যাংক কর্মকর্তা-কর্মচারী ও গ্রাহকদের শরী'আহ্ পরিপালন সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রদান করেন।

৭. শরী'আহ্ সুপারভাইজরি কমিটির কার্যাবলি ও দায়-দায়িত্ব

ইসলামী আর্থিক প্রতিষ্ঠানে শরী'আহ্ সুপারভাইজরি কমিটি (SSC/SSB) হলো শরী'আহ্ পরিপালন নিশ্চিত করার অন্যতম প্রধান প্রাতিষ্ঠানিক অঙ্গ। AAOIFI-এর শরী'আহ্ গভর্ন্যান্স কাঠামো এবং IFSB-10 অনুযায়ী, কমিটির দায়িত্ব কেবল ফাতওয়া বা শরী'আহ্ মতামত প্রদানের মধ্যে সীমাবদ্ধ নয়; বরং প্রতিষ্ঠানের পণ্য, চুক্তি, নীতি, কার্যক্রম ও লেনদেনের পূর্ববর্তী শরী'আহ্ পর্যালোচনা এবং পরবর্তী শরী'আহ্ পরিপালন যাচাই–উভয় ক্ষেত্রেই এর কার্যকর ভূমিকা রয়েছে। ইসলামী ব্যাংকিং কার্যক্রম শরী'আহ্ সুপারভাইজরি কমিটির দিক-নির্দেশনার আলোকে পরিচালিত হয়ে থাকে। তাদের দিক-নির্দেশনার আলোকে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা তা দেখার ও সত্যায়ন করার একমাত্র অথরিটি শরী'আহ্ সুপারভাইজরি কমিটি। সেদিক বিবেচনায় শরী'আহ্ সুপারভাইজরি কমিটির ভূমিকা

অত্যন্ত গুরুত্বপূর্ণ। শরী'আহ্ সুপারভাইজরি কমিটি দ্বিমাত্রিক ভূমিকা পালন করে থাকে, ১. সুপারভিশন, ২. শরী'আহ্র আলোকে নতুন নতুন প্রোডাক্ট উদ্ভাবন। শরী'আহ্ বোর্ড ইসলামী ব্যাংকিং কার্যক্রমে শরী'আহ্ নিশ্চিতকরণের বিষয়টি রিভিউ করে। এটি হচ্ছে তত্ত্বাবধায়কের ভূমিকা। শরী'আহ্ সুপারভাইজরি কমিটি কখনো উদ্ভাবকের ভূমিকা পালন করে। পরিবর্তিত বিশ্বে গ্রাহকের চাহিদার আলোকে শরী'আহ্ সম্মত নতুন পণ্য উদ্ভাবনেও এ কমিটি দায়িত্ব পালন করে থাকে।[১৫] নিম্নে শরী'আহ্ সুপারভাইজরি কমিটির দায়িত্ব ও কর্তব্য তুলে ধরা হলো-

৭.১ শরী'আহ্ সুপারভিশন বা তদারকি

বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুসারে এ কমিটি সংশ্লিষ্ট ব্যাংকের সকল নীতি, বিধি-বিধান, কর্মপদ্ধতি, ম্যানুয়াল, চুক্তি, প্রোডাক্ট, সেবা এবং প্রচারণা সামগ্রী বা ব্যাংকের ব্যবসায়িক লেনদেনে ব্যবহৃত অন্যান্য আইনি এবং অপারেশনাল ডকুমেন্টস্, লাভ/ক্ষতি এবং ইনভেস্টমেন্ট অ্যাকাউন্ট হোল্ডারদের/আমানতকারীদের অনুকূলে প্রদেয় মুনাফা হিসাবায়ন পদ্ধতি, যাকাত হিসাবায়ন ও বন্টন প্রক্রিয়া, করজে হাসানা তহবিলের উৎস, তহবিল গঠন, ব্যবস্থাপনা, হিসাবায়ন ইত্যাদি তদারকি করে। এ তদারকি কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে শরী'আহ্ সুপারভাইজরি কমিটির চাহিদা মোতাবেক তথ্য প্রদানে ব্যাংক বাধ্য থাকবেন।[১৬] যে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের শরী'আহ্ সুপারভাইজরি কমিটি/বোর্ডের মূল কাজ হলো শরী'আহ্ পরিপালন নিশ্চিত করা। Directory of Islamic Financial Institutions-এর The Evolution of Islamic Banking শীর্ষক প্রবন্ধে বিশিষ্ট ইসলামী ব্যাংকিং গবেষক John R. Presley বলেন :

> The main function of the Shariah Supervisory Board is to make sure that the operations of an Islamic Bank are undertaked according to Sharia'h principles. অর্থাৎ, শরী'আহ্ সুপারভাইজরি বোর্ডের প্রধান কাজ হচ্ছে ইসলামী ব্যাংকের কার্যক্রম শরী'আহ্ নীতিমালা অনুযায়ী হচ্ছে কিনা তা নিশ্চিত করা।[১৭]

শরী'আহ্ সুপারিভশন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের ২০২৫ সালের সার্কুলারে প্রতিটি ব্যাংকে একটি শরী'আহ্ সচিবালয় গঠন বাধ্যতামূলক করা হয়েছে। সচিবালয় শরী'আহ্ সুপারভাইজরি কমিটির সহায়কের ভূমিকা পালন করবে। শরী'আহ্ সুপারভাইজরি কমিটির পরামর্শের ভিত্তিতে ব্যাংক ব্যবস্থাপনা শরী'আহ্ সচিবালয়ে অভ্যন্তরীণ শরী'আহ্ অডিট ও রিভিউ বিভাগ

---

15. Dr. Moustfa Mohamed Hosny, "The Role of the Relegions Board", *Encyclopedia of Islamic Banking & Insurance* (UK : Institute of Islamic Banking and Insurance, 1995), 97.
16. Bangladesh Bank, *IBRPD Circular No. 1,* ibid
17. John R. Presley (ed.), ibid, 64.

(Internal Shari'ah Audit and Review Department (ISARD)), অভ্যন্তরীণ শরী'আহ্ কমপ্লায়েন্স বিভাগ (Internal Shari'ah Compliance Department (ISCD)) এবং শরী'আহ্ গবেষণা বিভাগ (Shari'ah Research Department (SRD)-সহ প্রয়োজনে অন্যান্য বিভাগ/ইউনিট গঠন করতে হবে। সচিবালয় কমিটিকে সভার এজেন্ডা প্রস্তুত, কার্যবিবরণী সংরক্ষণ ও শরী'আহ্ বিষয়ে মতামত প্রদানে সহায়তা করবে। শরী'আহ্ সচিবালয় শরী'আহ্ সুপারভাইজরি কমিটি এবং ব্যাংক ব্যবস্থাপনার মধ্যে আন্তঃসম্পর্ক বজায় রাখবেন। শরী'আহ্ সচিবালয় এবং এর বিভাগ/ইউনিটসমূহ শরী'আহ্ সুপারভাইজরি কমিটির তত্ত্বাবধানে পরিচালিত হবে।[১৮]

ব্যাংকের দৈনন্দিন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বিভিন্ন সময় যে সকল বিষয়ে শরী'আহ্ মতামত জানার প্রয়োজন অনুভব করেন, তাদের জিজ্ঞাসার আলোকে শরী'আহ্ সুপারভাইজরি কমিটির সমন্বয়ে শরী'আহ্ সচিবালয়ের গবেষণা বিভাগ কুরআন, সুন্নাহ, ফিক্হের আলোকে তাদের মতামত বা সিদ্ধান্ত প্রদান করে থাকেন। শরী'আহ্ সুপারভাইজরি বোর্ড / কমিটি জিজ্ঞাসিত না হয়েও প্রয়োজনবোধে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের বিভিন্ন বিষয় সম্পর্কে শরী'আহ্ মতামত প্রদান করে উক্ত ব্যাংককে ইসলামীকরণে যথেষ্ট ভূমিকা পালন করে থাকে।

৭.২ নতুন প্রোডাক্ট উদ্ভাবন

ব্যাংকিং সেক্টরে প্রতিনিয়ত প্রভূত উন্নতি সাধিত হয়েছে। গ্রাহককে সার্ভিস প্রদানের জন্য নতুন নতুন উপায় ও পন্থা উদ্ভাবিত হচ্ছে। এ পরিবর্তিত প্রেক্ষাপটে ব্যাংকিং শিল্পের গতিশীলতার সাথে তাল মিলিয়ে নব উদ্ভাবিত পন্থা ও প্রক্রিয়া সম্পর্কে শর'ঈ মতামত প্রদান করা এবং কুরআন, সুন্নাহ ও ইজতিহাদের আলোকে নিত্যনতুন প্রোডাক্ট উদ্ভাবন করা শরী'আহ্ কমিটির অন্যতম প্রধান দায়িত্ব। বাহরাইন ইসলামিক ব্যাংকের শরী'আহ্ সুপারভাইজরি বোর্ডের উপ-বিধিতে বোর্ডের কার্যাবলি সম্পর্কিত আলোচনায় বলা হয়েছে,

> إبداء الرأي الشرعي في المنتجات التي ينوي البنك طرحها، وإصدار الفتاوى في المعاملات التي يجريها البنك –
>
> ব্যাংক যেসব পণ্য (products) বাজারে ছাড়ার পরিকল্পনা করে সেগুলোতে শরীয়াহ মতামত প্রদান করা এবং ব্যাংক কর্তৃক পরিচালিত লেনদেনসমূহে ফাতওয়া জারি করা।[১৯]

[18]. Bangladesh Bank, *IBRPD Circular No. 1,* ibid

[19]. Bahrain Islamic Bank, *Fatwa al-Lāʾiḥah al-Dākhiliyyah li-Hayʾat al-Riqābah al-Sharʿiyyah li-Bank al-Baḥrayn al-Islāmī* (Manam: Shari'a Coordination and Implementation Department, 2023), V. 2, Clause- 3.3, 45.

বাহরাইন ইসলামিক ব্যাংকের শরী'আহ্ সুপারভাইজরি বোর্ডের উপ-বিধিতে বোর্ডের কার্যাবলি সম্পর্কিত আলোচনায় বলা হয়েছে,

> تقديم واقتراح الحلول الشرعية الممكنة لمشكلات المعاملات المالية التي لا تتفق مع مبادئ وأحكام الشريعة الإسلامية، والمساهمة في اجياد البدائل للمنتجات المخالفة لقواعد الشريعة بالتعاون مع إدارة البنك. –
>
> ইসলামী শরী'আহ্র মূলনীতি ও বিধানাবলীর সাথে সামঞ্জস্যপূর্ণ নয় এমন আর্থিক লেনদেনে বিরাজমান সমস্যা সম্ভাব্য শর'ঈ সমাধান উদ্ভাবন করে তা উপস্থাপন করা এবং ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সহযোগিতায় শরী'আহ্ নীতিমালার পরিপন্থী প্রোডাক্টসমূহের বিকল্প উদ্ভাবনের কাজে অংশগ্রহণ করা।[২০]

ব্যাংক নতুন কোন প্রোডাক্ট চালু করতে চাইলে এটি শরী'আহ্সম্মত কিনা তা শরী'আহ্ সুপারভাইজরি বোর্ড থেকে অনুমোদন করে নিতে হয়। শরী'আহ্ বোর্ডের দায়িত্ব হচ্ছে উপস্থাপিত এ ধরনের প্রোডাক্ট অথবা উপস্থাপিত অন্য যে কোন বিষয়ে মতামত প্রদান করা। বাংলাদেশ ব্যাংকের সার্কুলারে উল্লেখ রয়েছে, নতুন আমানত ও বিনিয়োগ সুবিধা (product) চালু করার ক্ষেত্রে ব্যাংকটির নিজস্ব শরী'আহ্ সুপারভাইজরি কমিটির ফাতওয়া/বিধি/ঘোষণা, বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত শরী'আহ্ গাইডলাইন্স/ঘোষণা/রেজল্যুশন এবং আন্তর্জাতিক সর্বোত্তম অনুশীলন যা দেশের অভ্যন্তরীণ আইন ও রীতিনীতি এবং বাংলাদেশ ব্যাংকের অন্যান্য নির্দেশনার পরিপন্থি নয় তা নিশ্চিত করবেন। তবে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত শরী'আহ্ গাইডলাইন্স/ঘোষণা/রেজল্যুশন বহির্ভূত কোনো নতুন পণ্য চালু করার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।[২১]

৭.৩ শরী'আহ্ নিরীক্ষা ও পরিদর্শন

শরী'আহ্ বোর্ড কর্তৃক প্রদত্ত ফাতওয়া, চুক্তিপত্রের নমুনা এবং নীতিমালাসমূহ সঠিকভাবে পরিপালন হচ্ছে কিনা তা নিরীক্ষণ ও পরিদর্শন করা বোর্ডের অন্যতম দায়িত্ব ও কর্তব্য। শরী'আহ্ বোর্ড সচিবালয়ে কর্মরত মুরাকিবগণ সদস্য সচিবের নেতৃত্বে এ কাজ আঞ্জাম দিয়ে থাকেন। বাহরাইন ইসলামিক ব্যাংকের শরী'আহ্ সুপারভাইজরি বোর্ডের উপ-বিধিতে বোর্ডের কার্যাবলি সম্পর্কিত আলোচনায় বলা হয়েছে :

> متابعة عمليات البنك، ومراجعة أنشطته من الناحية الشرعية في الفترات التي تحدد بالتنسيق بين الهيئة وجهاز التنسيق والتنفيذ لمنتجات معتمدة من قبل الهيئة وذلك بالمراجعة المنتظمة للخطوات العملية والتدقيق للمستندات من وجهة نظر شرعية

[20]. Bahrain Islamic Bank, ibid, Clause- 3.6, 45.

[21]. Bangladesh Bank, *IBRPD Circular No. 1,* ibid

لضمان عدم وقوع ما يخل بالمبدأ أو العقد أو شروطه الشرعية ومتطلباته الطارئة، وتشمل هذه المراجعة قضية التصحيح والتعديل لإعادة العملية أو تسوية الالتزامات والحقوق طبقاً لأحكام الشريعة .

ব্যাংকের কার্যক্রমে নজরদারি করা এবং বোর্ড, শরীয়াহ সমন্বয় ও বাস্তবায়ন বিভাগ, শরীয়াহ অডিট বিভাগ এবং ব্যাংক ব্যবস্থাপনার মধ্যে সমন্বয়ের মাধ্যমে নির্ধারিত সময় পরপর শরী'আহ্ দৃষ্টিকোণ থেকে ব্যাংকের কার্যক্রম পর্যালোচনা করা; সম্পাদিত লেনদেনসমূহ বোর্ডের অনুমোদিত পণ্যের অন্তর্ভুক্ত ছিল কিনা তা নিশ্চিত করা–এটি মূলনীতি, চুক্তি বা এর শরী'আহ্ শর্তাবলী ও জরুরি প্রয়োজনীয়তার লঙ্ঘন যেন না ঘটে তা নিশ্চিত করার উদ্দেশ্যে ব্যবহারিক পদক্ষেপের নিয়মিত পর্যালোচনা এবং শরীয়াহ দৃষ্টিকোণ থেকে নথিপত্র অডিটের মাধ্যমে করা হবে। এই পর্যালোচনার মধ্যে শরী'আহ্ বিধান অনুযায়ী প্রক্রিয়াটিকে পুনরায় সঠিক ধারায় আনা বা দায় ও অধিকার নিষ্পত্তির জন্য সংশোধন ও পরিমার্জনের বিষয়টিও অন্তর্ভুক্ত থাকবে।[২২]

বাংলাদেশ ব্যাংকের সার্কুলার অনুসারে দেশের সকল ইসলামী ব্যাংকের শরী'আহ্ সচিবালয় প্রত্যেক অর্থ বছরের শুরুতে শরী'আহ্ অডিট পরিকল্পনা প্রণয়ন করবেন। উক্ত অডিট পরিকল্পনা শরী'আহ্ সুপারভাইজরি কমিটি কর্তৃক অনুমোদিত হবে। শরী'আহ্ সুপারভাইজরি কমিটি উপরোক্ত অডিট পরিকল্পনার বাস্তবায়ন করবেন এবং অভ্যন্তরীণ শরী'আহ্ অডিট বিভাগ কর্তৃক শরী'আহ্ সুপারভাইজরি কমিটির নিকট প্রতিবেদন দাখিল করবেন। শরী'আহ্ সুপারভাইজরি কমিটি অডিটে উত্থাপিত আপত্তির সারসংক্ষেপ নিয়মিত (কমপক্ষে ত্রৈমাসিক ভিত্তিতে) পর্যালোচনা করবেন। পর্যালোচনান্তে ব্যাংক ব্যবস্থাপনাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। শরী'আহ্ সুপারভাইজরি কমিটি প্রয়োজনে উত্থাপিত গুরুতর আপত্তির বিষয়ে পরিচালনা পর্ষদকে অবহিত করবেন।[২৩] এ অডিট কার্যক্রমে ব্যাংকের বিভিন্ন চুক্তিও অর্ন্তভুক্ত থাকে। ব্যাংকে প্রতিদিন বিভিন্ন চুক্তি সম্পাদিত হয়ে থাকে। চুক্তিসমূহে শরী'আহ্ অনুসরণ করা হচ্ছে কী না তা কমিটিকে তদারকি করতে হবে। প্রয়োজনে চুক্তিসমূহে সংযোজন ও সংশোধন করা শরী'আহ্ বোর্ডের কার্যাবলির অন্তর্ভুক্ত।

৭.৪ ফিকহুল মু'আমালাত বিষয়ে প্রশিক্ষণ প্রদান ও জনসচেতনতা বৃদ্ধি

ইসলামী ব্যাংকিংয়ে কর্মরত বিশাল জনগোষ্ঠীকে ফিকহুল মু'আমালাত বিষয়ে ধারাবাহিকভাবে ট্রেনিংয়ের ব্যবস্থা করা শরী'আহ্ সুপারভাইজরি বোর্ডের অন্যতম দায়িত্ব। শরী'আহ্ সুপারভাইজারগণ তাদের জনশক্তি শরী'আহ্র মূলনীতি ও মাকাসিদ সম্পর্কে অবহিত করবে। এটি খুবই গুরুত্বপূর্ণ যে, মু'আমালাতে চুক্তিসমূহ করার ক্ষেত্রে শরী'আহ্ সম্পর্কে সঠিক ও স্বচ্ছ ধারণা থাকা। বাহরাইন ইসলামিক

[22]. Bahrain Islamic Bank, ibid, Clause- 3.4, 45.
[23]. Bangladesh Bank, *IBRPD Circular No. 1,* ibid

ব্যাংকের শরী'আহ্ সুপারভাইজরি বোর্ডের উপ-বিধিতে বোর্ডের কার্যাবলি সম্পর্কিত আলোচনায় বলা হয়েছে :

تقديم التوجيه والإرشاد والتدريب للموظفين المعنيين بتطبيق المعاملات المالية الإسلامية بما يعينهم على تحقيق الالتزام بأحكام ومبادئ الشريعة الإسلامية.–

ইসলামী আর্থিক প্রতিষ্ঠানের লেনদেন বাস্তবায়নের সহযোগী কর্মকর্তাদের প্রশিক্ষণ, পথনির্দেশনা প্রদান এবং বিশেষ দৃষ্টিদান যা ইসলামী শরী'আহ্র নীতিমালা ও বিধানাবলী বাস্তবায়নে তাদের সহায়ক হবে।[২৪]

শরী'আহ্ বোর্ড সেমিনার ও সিম্পোজিয়ামের আয়োজন, ইসলামী ব্যাংকিং বিষয়ক বই-পুস্তক ও প্রবন্ধ রচনা, গ্রাহক সমাবেশের আয়োজন ও গ্রাহকদের ইসলামী ব্যাংকের কনসেপ্ট তুলে ধরবেন। যাতে সাধারণ জনগণ ইসলামী ব্যাংক সম্পর্কে জানতে পারেন এবং লেনদেনের জন্য প্রচলিত সুদি ব্যাংকের পরিবর্তে ইসলামী ব্যাংককে বেছে নেন। বাংলাদেশ ব্যাংকের সার্কুলারের নির্দেশনা হলো, শরী'আহ্ সুপারভাইজরি কমিটি সংশ্লিষ্ট ব্যাংকের স্টেকহোল্ডারদের প্রতিনিধিত্বমূলক অংশের জন্য ইসলামী ব্যাংকিং ও ফাইন্যান্সের উপর প্রশিক্ষণ এবং/অথবা ওরিয়েন্টেশন প্রোগ্রাম আয়োজনের বিষয়ে উদ্যোগ গ্রহণ করবেন; এক্ষেত্রে শরী'আহ্ সুপারভাইজরি কমিটির সদস্যগণ ইসলামী ব্যাংকিং ও ফাইন্যান্সের উপর বছরে অন্তত ০২ (দুই)টি প্রশিক্ষণ/কর্মশালায় অংশগ্রহণ করবেন।[২৫]

৭.৫ শরী'আহ্ নন-কম্প্লায়েন্স প্রতিকার (অননুমোদিত পন্থায় অর্জিত আয় ব্যবস্থাপনা)

যে কোন ব্যাংকের শরী'আহ্ সুপারভাইজরি বোর্ডের অন্যতম প্রধান দায়িত্ব হচ্ছে শরী'আহ্ কর্তৃক অনুমোদিত নয় এমন কোন পন্থায় অর্জিত অর্থ জনকল্যাণে ব্যয় নিশ্চিত করা। এ ধরনের অর্থ যেন কোনক্রমেই ব্যাংকের আয়ের সাথে যুক্ত হতে না পারে সে বিষয়টি অবশ্যই শরী'আহ্ সুপারভাইজরি বোর্ডকে নিশ্চিত করতে হবে।

التأكد من تجنيب المكاسب التي تحققت من مصادر أو بطرق تتعارض مع أحكام ومبادئ الشريعة الإسلامية وصرفها في وجوه الخير العامة مباشرة أو من خلال المؤسسات الخيرية وفقا لما هو معتمد من الهيئة، مع ضرورة أن تكون تلك المؤسسات الخيرية ذات سمعة طيبة غير ذات صلة مباشرة أو غير مباشرة مع الأشخاص المرخص لهم من البنك أو الهيئة، وتصرف هذه الأموال خلال فترة ١٢ شهراً ما لم توافق الهيئة على التمديد، وعلى الهيئة والمراقب الشرعي ورئيس التدقيق الشرعي والمدقق الشرعي الخارجي مراجعة طبيعة المعاملات الخيرية وأسباب عدم الامتثال الشرعي ووضع الإجراءات اللازمة للتأكد من عدم تكرار تلك الحالات .

[24]. Bahrain Islamic Bank, ibid, Clause- 3.7, 45.
[25]. Bangladesh Bank, *IBRPD Circular No. 1,* ibid

ইসলামী শরীয়াহর বিধান ও নীতির সাথে সাংঘর্ষিক উৎস বা উপায়ে অর্জিত উপার্জন পৃথক (বিচ্ছিন্ন) করা এবং শরীয়াহ বোর্ড কর্তৃক অনুমোদিত নিয়ম অনুযায়ী তা সরাসরি অথবা জনকল্যাণমূলক দাতব্য সংস্থার মাধ্যমে সাধারণ জনকল্যাণমূলক কাজে ব্যয় করা নিশ্চিত করা; এক্ষেত্রে উক্ত দাতব্য সংস্থাসমূহ স্বনামধন্য হতে হবে এবং ব্যাংক বা বোর্ডের কোনো অনুমোদিত ব্যক্তির সাথে তাদের প্রত্যক্ষ বা পরোক্ষ কোনো সম্পর্ক থাকা চলবে না। এই অর্থ ১২ মাসের মধ্যে বিতরণ করতে হবে, যতক্ষণ না বোর্ড সময় বর্ধিতকরণে সম্মতি দেয়। শরীয়াহ বোর্ড, শরীয়াহ পরিদর্শক, শরীয়াহ অডিট প্রধান এবং বাহ্যিক শরীয়াহ অডিটরকে এই দাতব্য লেনদেনের ধরন এবং শরীয়াহ অসংগতির (non-compliance) কারণসমূহ পর্যালোচনা করতে হবে এবং এসব ঘটনার পুনরাবৃত্তি যেন না ঘটে তা নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।[২৬]

বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা হলো, শরী'আহ্ নন-কম্প্লায়েন্স আয়, সন্দেহজনক আয় ও সুদজনিত আয় হ্রাসের ব্যবস্থা গ্রহণ করবেন এবং এ খাতে অর্জিত অর্থ আয় খাতে না নিয়ে যথাযথ প্রক্রিয়ায় নিষ্পত্তির উপায় নির্ধারণ এবং এই ধরণের আয়ের যথাযথ ব্যবহার নিশ্চিত করার পদক্ষেপ গ্রহণ করবেন; ব্যাংকের কার্যক্রমে শরী'আহ্ নন-কম্প্লায়েন্স চিহ্নিত হলে তা সংশোধন এবং ভবিষ্যতে অনুরূপ সমস্যার পুনরাবৃত্তি না হওয়ার বিষয়ে শরী'আহ্ সুপারভাইজরি কমিটি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। শরী'আহ্ সুপারভাইজরি কমিটির পরামর্শ মোতাবেক ব্যাংক তাৎক্ষণিক সংশোধনমূলক অথবা প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করবে; শরী'আহ্ সংক্রান্ত বিষয়ে শরী'আহ্ সুপারভাইজরি কমিটির সিদ্ধান্ত পরিচালনা পর্ষদ বাস্তবায়নে বাধ্য থাকবেন। শরী'আহ্ নন-কম্প্লায়েন্স পুনরাবৃত্তি হলে শরী'আহ্ সুপারভাইজরি কমিটি তা ব্যাংকের পরিচালনা পর্ষদকে অবহিতকরতঃ প্রয়োজনীয় সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করবেন। তথাপিও যদি উল্লিখিত শরী'আহ্ নন-কম্প্লায়েন্স থাকে, সেক্ষেত্রে শরী'আহ্ সুপারভাইজরি কমিটি বিষয়টি বাংলাদেশ ব্যাংককে অবহিত করবেন এবং ব্যাংকের বাৎসরিক শরী'আহ্ নন-কম্প্লায়েন্স প্রতিবেদনে উল্লেখ করবেন।[২৭]

৭.৬ শরী'আহ্ কম্প্লায়েন্স প্রতিবেদন

শরী'আহ্ সুপারভাইজরি কমিটি সংশ্লিষ্ট ব্যাংকের পরিচালনা পর্ষদের নিকট বার্ষিক শরী'আহ্ কম্প্লায়েন্স প্রতিবেদন দাখিল করবে। উক্ত প্রতিবেদন পর্যালোচনা ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ শেষে গৃহীত পদক্ষেপসহ প্রতি বছর অতিক্রমের ০২ (দুই) মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের IBRPD-তে প্রেরণ করবেন এবং পরবর্তীতে শেয়ারহোল্ডারগণকে অবহিত করবেন; প্রতিটি শরী'আহ্ ভিত্তিক ব্যাংক (পূর্ণাঙ্গ ইসলামী ব্যাংক অথবা যে সকল প্রচলিত বাণিজ্যিক ব্যাংকের ইসলামী ব্যাংকিং শাখা ও উইন্ডো রয়েছে)-কে আবশ্যিকভাবে তাদের ওয়েবসাইটে বার্ষিক শরী'আহ্

[26]. Bahrain Islamic Bank, ibid, Clause- 3.10, 46.
[27]. Bangladesh Bank, *IBRPD Circular No. 1,* ibid, Clause no: 11, 5

কম্প্লায়েন্স প্রতিবেদন প্রকাশ করতে হবে। বার্ষিক শরী'আহ্ কম্প্লায়েন্স প্রতিবেদনে অন্ততপক্ষে শরী'আহ্ সুপারভাইজরি কমিটি কর্তৃক জারি করা শরী'আহ্ রেজল্যুশন অন্তর্ভুক্ত করতে হবে যেন শরী'আহ্ সুপারভাইজরি কমিটির সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াটি স্পষ্ট হয়; এবং ব্যাংক জরুরী প্রয়োজনে পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে যে কোন ঘটনার প্রেক্ষাপটে শরী'আহ্ অনুশাসনের বিষয়ে স্বাধীন ও নিরপেক্ষ তৃতীয় পক্ষের মাধ্যমে ফ্যাক্ট-ফাইন্ডিং রিপোর্ট প্রস্তুত করাতে পারবেন এবং সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপের জন্য ব্যাংকের পর্ষদের নিকট ফ্যাক্ট-ফাইন্ডিং রিপোর্ট দাখিল করবেন।[২৮]

৭.৭ বার্ষিক প্রতিবেদন প্রদান

শরী'আহ্ সুপারভাইজরি কমিটি বছর শেষে ব্যাংকের সার্বিক কার্যক্রমে শরী'আহ্ অনুশীলন, চর্চা ও পরিপালনের উপর একটি বিস্তারিত প্রতিবেদন পেশ করবেন যাতে ব্যাংকের শরী'আহ্ পরিপালন সংক্রান্ত সঠিক অবস্থা শেয়ারহোল্ডারগণ সহজেই অবগত হতে পারেন। বাহরাইন ইসলামী ব্যাংকের শরী'আহ্ কাউন্সিলের উপবিধিতে বোর্ডের কার্যাবলি সম্পর্কিত আলোচনায় বলা হয়েছে :

> تقديم تقرير سنوي موجه للمساهمين ونسخة منه لإدارة البنك يعرض في اجتماع الجمعية العمومية تبدي فيه الهيئة رأيها في المعاملات التي أجراها البنك ومدى التزام الإدارة بالفتاوى والقرارات والإرشادات التي صدرت عنها من خلال تكليف أحد أعضائها حضور الاجتماع لتلاوة التقرير والإجابة عن أي استفسارات ترد من المساهمين أو العموم، ويقدم التقرير السنوي للهيئة ضمن التقرير السنوي للبنك، وفي حالة وجود ملاحظات شرعية فترسل نسخة من التقرير المبين لها لمصرف البحرين المركزي –
>
> শেয়ারহোল্ডারদের উদ্দেশ্যে একটি বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করা এবং এর একটি অনুলিপি ব্যাংক ব্যবস্থাপনার নিকট জমা দেওয়া, যা সাধারণ সভায় পেশ করা হবে। এতে বোর্ড ব্যাংকের পরিচালিত লেনদেনসমূহ এবং বোর্ডের পক্ষ থেকে জারি করা ফাতওয়া, সিদ্ধান্ত ও দিকনির্দেশনার প্রতি ব্যবস্থাপনার আনুগত্যের পরিমাপ সম্পর্কে তাদের মতামত ব্যক্ত করবে। এটি সম্পন্ন হবে তাদের কোনো এক সদস্যকে সভায় উপস্থিত থাকার জন্য দায়িত্ব অর্পণ করার মাধ্যমে, যিনি প্রতিবেদনটি পাঠ করবেন এবং শেয়ারহোল্ডার বা সাধারণ জনগণের কাছ থেকে আসা যেকোনো প্রশ্নের উত্তর দেবেন। বোর্ডের এই বার্ষিক প্রতিবেদনটি ব্যাংকের বার্ষিক প্রতিবেদনের অন্তর্ভুক্ত করে উপস্থাপন করা হবে। যদি কোনো শরী'আহ্ সংক্রান্ত পর্যবেক্ষণ থাকে, তবে তা উল্লেখ করে প্রতিবেদনের একটি অনুলিপি সেন্ট্রাল ব্যাংক অব বাহরাইনের নিকট প্রেরণ করা হবে।[২৯]

[28]. ibid, 6
[29]. Bahrain Islamic Bank, ibid, Clause- 3.13, 46.

৮. বাংলাদেশের ইসলামী ব্যাংকসমূহের শরী'আহ্ প্রতিবেদন পর্যালোচনা

AAOIFI, IFSB, বাহরাইন ইসলামিক ব্যাংক এবং বাংলাদেশ ব্যাংকের সার্কুলারের আলোকে ইসলামী ব্যাংকের শরী'আহ্ সুপারভাইজরি কমিটির কার্যাবলির (শরী'আহ্ সুপারভিশন বা তদারকি, নতুন প্রোডাক্ট উদ্ভাবন, শরী'আহ্ নিরীক্ষা ও পরিদর্শন, ফিকহুল মু'আমালাত বিষয়ে প্রশিক্ষণ প্রদান ও জনসচেতনতা বৃদ্ধি, শরী'আহ্ নন-কম্প্লায়েন্স প্রতিকার, শরী'আহ্ কম্প্লায়েন্স প্রতিবেদন) আলোকে বাংলাদেশের ইসলামী ব্যাংকসমূহের (আইবিবি[৩০], এআইবি[৩১], এসজেআইবি[৩২], এসবি[৩৩] ও আইসিবি[৩৪]) ২০২৩, ২০২৪ ও ২০২৫ সালের শরী'আহ্ প্রতিবেদসমূহে বর্ণিত তথ্যাবলি সারণীতে উল্লেখ করার ক্ষেত্রে সংখ্যাবাচক তথ্য সংখ্যায় এবং বর্ণনামূলক তথ্য টিক (√) চিহ্নের মাধ্যমে উপস্থাপনপূর্বক পর্যালোচনা করা হলো-

	সূচক	আইবিবি			এআইবি			এসজেআইবি			এসবি			আইসিবি	
		২০২৩	২০২৪	২০২৫	২০২৩	২০২৪	২০২৫	২০২৩	২০২৪	২০২৫	২০২৩	২০২৪	২০২৫	২০২৩	২০২৪
১.	শরী'আহ্ সুপারভাইজরি কমিটির সদস্য সংখ্যা	৫	৯	৬	৮	৮	৬	৬	৪	৭	৯	৬	৬	৪	৪
২.	বছরে কতটি সভা হয়েছে	১১	১১	১১	-	-	-	৬	৭	৬	৯	৬	৪	-	-
৩.	আর্থিক বিবরণী, পরিচালনা পরিষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কার্যক্রম পর্যালোচনা	✓	✓	✓	✓	✓	✓	✓	✓	✓	✓	✓	✓	-	✓

[30]. Islami Bank Bangladesh PLC., *Annual Report 2025* (Dhaka: Islami Bank Bangladesh PLC., 2025); Islami Bank Bangladesh PLC., *Annual Report 2024* (Dhaka: Islami Bank Bangladesh PLC., 2024); Islami Bank Bangladesh PLC., *Annual Report 2023* (Dhaka: Islami Bank Bangladesh PLC., 2023)

[31]. Al-Arafah Islami Bank PLC., *Annual Report 2025* (Dhaka: Al-Arafah Islami Bank PLC., 2025); Al-Arafah Islami Bank PLC., *Annual Report 2024* (Dhaka: Al-Arafah Islami Bank PLC., 2024); Al-Arafah Islami Bank PLC., *Annual Report 2023* (Dhaka: Al-Arafah Islami Bank PLC., 2023)

[32]. Shahjalal Islami Bank PLC., *Annual Report 2025* (Dhaka: Shahjalal Islami Bank PLC., 2025); Shahjalal Islami Bank PLC., *Annual Report 2024* (Dhaka: Shahjalal Islami Bank PLC., 2024); Shahjalal Islami Bank PLC., *Annual Report 2023* (Dhaka: Shahjalal Islami Bank PLC., 2023)

[33]. Standard Islami Bank PLC., *Annual Report 2025* (Dhaka: Standard Islami Bank PLC., 2025); Standard Islami Bank PLC., *Annual Report 2024* (Dhaka: Standard Islami Bank PLC., 2024); Standard Islami Bank PLC., *Annual Report 2023* (Dhaka: Standard Islami Bank PLC., 2023)

[34]. ICB Islamic Bank Ltd., Annual Report 2024 (Dhaka: ICB Islamic Bank Ltd., 2024); ICB Islamic Bank Ltd., *Annual Report 2023* (Dhaka: ICB Islamic Bank Ltd., 2023)

	সূচক	আইবিবি			এআইবি			এসজেআইবি			এসবি			আইসিবি	
		২০২৩	২০২৪	২০২৫	২০২৩	২০২৪	২০২৫	২০২৩	২০২৪	২০২৫	২০২৩	২০২৪	২০২৫	২০২৩	২০২৪
৪.	মুরাকিব কর্তৃক অডিটকৃত শাখা সংখ্যা	৪৪	৪৪	৪৪	-	-	-	-	-	৫৪	-	৭	৪৮	-	-
৫.	শরী'আহ্ পরিপালন বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি	১	৬	৪৪৬	✓	✓	✓	✓	✓	✓	-	✓	১৫৪	-	-
৬.	পণ্য অনুমোদন ও সেবার মান পর্যালোচনা	-	-	✓	-	-	-	-	-	-	✓	-	✓	-	-
৭.	শরী'আহ্ অডিট রিপোর্ট পর্যালোচনা	-	✓	✓	-	-	-	✓	✓	✓	✓	✓	✓	-	✓
৮.	শরী'আহ-বহির্ভূত আয় শনাক্তকরণ ও প্রতিকার	-	✓	✓	-	-	-	-	-	✓	✓	✓	✓	-	-
৯.	শরী'আহ্ সুপারভাইজরি কমিটির দায়িত্ব ও ম্যান্ডেট	✓	✓	✓	✓	✓	✓	✓	✓	✓	✓	✓	✓	-	✓
১০.	জাকাত বিষয়ক ঘোষণা	✓	✓	✓	✓	✓	✓	✓	✓	✓	✓	✓	✓	-	✓
১১.	কর্মকর্তাদের তাকওয়া ও নৈতিকতা চর্চায় গুরুত্বারোপ	-	✓	✓	✓	✓	✓	-	-	-	-	✓	✓	-	-
১২.	জনসচেতনতা তৈরিতে প্রচারণা বৃদ্ধির সুপারিশ	-	-	✓	-	-	-	-	-	-	-	-	✓	-	-
১৩.	গ্রাহক অভিযোগ ব্যবস্থাপনা/ গ্রাহক সেবার মান বৃদ্ধি	✓	✓	✓	-	-	-	-	-	-	✓	✓	✓	-	-

সারণী: বাংলাদেশের ইসলামী ব্যাংকসমূহের শরী'আহ্ প্রতিবেদন পর্যালোচনা

৮.১ শরী'আহ্ সুপারভাইজরি কমিটির দায়িত্ব ও ম্যান্ডেট

পর্যালোচিত ১৪টি প্রতিবেদনের ১৩টি প্রতিবেদনে শরী'আহ্ বোর্ডের দায়মুক্তি সংক্রান্ত ঘোষণা (শরী'আহ্ সুপারভাইজরি কমিটির দায়িত্ব ও ম্যান্ডেট) উপস্থাপিত হয়েছে। সবগুলো প্রতিবেদনেই এই বিষয়টি উপস্থাপনের ভাষাও প্রায় কাছাকাছি। স্ট্যান্ডার্ড ব্যাংকের ২০২৫ সালের প্রতিবেদন নিম্নরূপ,

> The Management of the Bank is responsible for ensuring that the Bank conducts its business in compliance with the rules and principles of Islamic Shari'ah, as well as the fatwas, rulings, resolutions, and guidelines issued by the Shari'ah Supervisory Committee (SSC). The responsibility of the SSC is to provide independent oversight and objective Shari'ah assurance over the Bank's operations. This responsibility is discharged by forming independent opinions, issuing Shari'ah rulings and directives where necessary, reviewing and approving relevant contracts, policies, and documentation, and advising the Board and Management on Shari'ah- compliant practices to guide the Bank's strategic and operational direction.[৩৫]

ইসলামী শরী'আহ্র বিধি-বিধান ও নীতিমালা এবং শরী'আহ্ সুপারভাইজরি কমিটি (এসএসসি) কর্তৃক প্রদত্ত ফাতওয়া, রায়, সিদ্ধান্ত ও নির্দেশিকা অনুযায়ী ব্যাংক তার ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করছে কি না তা নিশ্চিত করার দায়িত্ব ব্যাংক ব্যবস্থাপনার। শরী'আহ্ সুপারভাইজরি কমিটির দায়িত্ব হলো ব্যাংকের কার্যক্রমের ওপর একটি স্বাধীন তদারকি এবং বস্তুনিষ্ঠ শরী'আহ্ নিশ্চয়তা প্রদান করা। এই দায়িত্ব পালন করা হয় স্বাধীন মতামত প্রদানের মাধ্যমে, প্রয়োজনে শরী'আহ্ রায় ও নির্দেশনা জারি করে, সংশ্লিষ্ট চুক্তি, নীতিমালা ও নথিপত্র পর্যালোচনা ও অনুমোদনের মাধ্যমে এবং ব্যাংকের কৌশলগত ও পরিচালনাগত দিকনির্দেশনার জন্য শরী'আহ্-সম্মত অনুশীলনের বিষয়ে বোর্ড ও ব্যবস্থাপনাকে পরামর্শ প্রদানের মাধ্যমে।

সর্বোপরি শরী'আহ্ সুপারভাইজরি কমিটির দায়িত্ব শরী'আহ্ তদারকি করা, শরী'আহ্ লঙ্ঘন চিহ্নিত করা, শরী'আহ্ লঙ্ঘনের প্রতিকার নির্দেশ করা, শরী'আহ্ লঙ্ঘন প্রতিরোধে পরামর্শ প্রদান। তদুপরি শরী'আহ্ সুপারভাইজরি কমিটির তদারকি স্বত্ত্বেও তদারকিকালে শরী'আহ্ লঙ্ঘন দৃশ্যমান হয়। এক্ষেত্রে Three Lines Defence Model অনুযায়ী সমন্বয় সাধন করা যেতে পারে, যাতে ডিফেন্স লাইন-১ এ সিনিয়র ম্যানেজমেন্ট দৈনন্দিন কার্যক্রমে শরী'আহ্ পরিপালন, ঝুঁকি নিয়ন্ত্রণ ও SSC-এর সিদ্ধান্ত বাস্তবায়ন করবে। ডিফেন্স লাইন-২ এ শরী'আহ্ কমপ্লায়েন্স বিভাগ প্রথম লাইনের কার্যক্রম পর্যবেক্ষণ ও শরী'আহ্ ঝুঁকি নিয়ন্ত্রণ করবে। ডিফেন্স লাইন-৩-এ শরী'আহ্ সুপারভাইজরি

[35]. Standard Islami Bank PLC., *Annual Report 2025*, ibid, 119

কমিটি প্রথম ও দ্বিতীয় লাইনের কার্যক্রম স্বাধীনভাবে যাচাই করে SSC ও পরিচালনা পর্ষদকে নিশ্চয়তা প্রদান করবে। অর্থাৎ, পরিচালনা পর্ষদ সামগ্রিক শরী'আহ্ গভর্ন্যান্সের জন্য জবাবদিহি নিশ্চিত করবে, আর SSC স্বাধীনভাবে শরী'আহ্ সিদ্ধান্ত, তদারকি ও মতামত প্রদান করবে। এভাবে দায়িত্বের স্বাতন্ত্র্য বজায় রেখে পারস্পরিক রিপোর্টিং ও সমন্বয়ের মাধ্যমে শরী'আহ্ গভর্ন্যান্স নিশ্চিত করা হবে।[৩৬]

৮.২ শরী'আহ্ পরিপালন তদারকি

বাংলাদেশের ব্যাংকের নির্দেশনা অনুসারে বর্তমানে প্রতিটি ব্যাংকে ৫ জন করে শরী'আহ্ সুপারভাইজরি কমিটির সদস্য অন্তর্ভুক্তির সুযোগ রয়েছে, পূর্বে যা নির্ধারিত ছিলো না। তবে কমিটির মিটিং সংখ্যা বিভিন্ন ব্যাংকে বিভিন্ন ধরনের, যা ব্যাংকের কার্যপরিধি অথবা কমিটির তদারকির দুর্বলতা-সবলতাও নির্দেশ করতে পারে, তবে এ বিষয়ে কেবল প্রতিবেদন দেখেই সিদ্ধান্তে উপনীত হওয়া সম্ভব নয়। প্রতিবেদনসমূহ পর্যালোচনায় শরী'আহ্ পরিপালন তদারকি চিত্র প্রতিফলিত হয়েছে। শরী'আহ্ সুপারভাইজরি কমিটি ব্যাংকের নিয়মিত কার্যক্রম পর্যালোচনা করে। তদারকির ক্ষেত্রে শরী'আহ্ সুপারভাইজরি কমিটিসমূহ ব্যাংকের কার্যক্রম, লেনদেন ও চুক্তি পরীক্ষা করে স্বাধীন প্রতিবেদন প্রদান করেছে। যা, শরী'আহ্ তদারকি ও নিশ্চয়তার কাঠামো স্পষ্টভাবে প্রতিফলিত করে। স্ট্যান্ডার্ড ব্যাংকের ২০২৫ সালের প্রতিবেদন নিম্নরূপ,

> In forming our opinion, we have reviewed the Bank's transactions, relevant policies and documentation, and assessed the consistency of the underlying contracts with the fatwas, rulings, and resolutions approved by the Shari'ah Supervisory Committee (SSC). Our review has taken into consideration the reports and findings of the Internal Shari'ah Audit and Review Department (ISARD), management responses thereto, and the Bank's audited financial statements for the year ended 31 December 2025.[৩৭]

"আমাদের মতামত গঠনে, আমরা ব্যাংকের লেনদেন, সংশ্লিষ্ট নীতিমালা ও নথিপত্র পর্যালোচনা করেছি এবং শরী'আহ্ সুপারভাইজরি কমিটি (এসএসসি) কর্তৃক অনুমোদিত ফাতওয়া, রুলিং ও রেজোলিউশনের সাথে সংশ্লিষ্ট চুক্তিসমূহের সংগতি মূল্যায়ন করেছি। আমাদের পর্যালোচনায় ইন্টারনাল শরী'আহ্ অডিট অ্যান্ড রিভিউ ডিপার্টমেন্টের (ISARD) প্রতিবেদন ও পর্যবেক্ষণসমূহ, সেগুলোর ওপর ব্যবস্থাপনার জবাব এবং ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে সমাপ্ত বছরের জন্য ব্যাংকের নিরীক্ষিত আর্থিক বিবরণী বিবেচনা করা হয়েছে।"

[36]. Islamic Financial Services Board (IFSB), ibid, IFSB,-10,31; AAOIFI, ibid, GS-1; The Institute of Internal Auditors, *The IIA's Three Lines Model: An Update of the Three Lines of Defense* (Florida: The Institute of Internal Auditors, 2020)

[37]. Standard Islami Bank PLC., *Annual Report 2025,* ibid, 119

শরী'আহ্ পরিপালনকে কেবল প্রাতিষ্ঠানিক নীতিমালা, অডিট ও তদারকির মধ্যে সীমাবদ্ধ না রেখে শরী'আহ্ সুপারভাইজরি কমিটি ব্যাংক কর্মকর্তাদের তাকওয়া, নৈতিকতা ও শরী'আহ্ সচেতনতা বৃদ্ধির ওপরও গুরুত্ব দিয়েছে। বিশেষ করে ইসলামী ব্যাংক বাংলাদেশ, আল আরাফাহ ইসলামী ব্যাংক, স্ট্যান্ডার্ড ব্যাংক শরী'আহ্ সুপারভাইজরি কমিটির প্রতিবেদনে এ বিষয়টির উল্লেখ রয়েছে।

৮.৩ অভ্যন্তরণীয় শরী'আহ্ নিরীক্ষা

শরী'আহ্ সুপারভাইজরি কমিটি কর্তৃক অভ্যন্তরণীয় শরী'আহ্ নিরীক্ষা বিভাগের রিপোর্ট বিবেচনা করার সূচকে আল-আরাফাহ ইসলামী ব্যাংকের তথ্য অপ্রদর্শিত রয়েছে, তাছাড়া অন্য ইসলামী ব্যাংকগুলো শরী'আহ্ অডিট রিপোর্ট পর্যালোচনার বিষয়টি তাদের প্রতিবেদনে স্পষ্ট করেছে। এক্ষেত্রে মুরাকিব কর্তৃক অডিটকৃত শাখার তথ্য উপস্থাপনে দেখা যায় যে, ইসলামী ব্যাংক বাংলাদেশ ২০২৫ সালে ৩৬০টি শাখা, ৩৮টি সাব-শাখা এবং ১০৭টি এজেন্ট আউটলেট-এ শরী'আহ্ অডিট পরিচালনা করেছে।[৩৮] একইসাথে শাহজালাল ইসলামী ব্যাংক ও স্ট্যান্ডার্ড ইসলামী ব্যাংকের প্রতিবেদনের অভ্যন্তরীণ শরী'আহ্ অডিটের উল্লেখ রয়েছে।

অভ্যন্তরীণ শরী'আহ্ নিরীক্ষায় মুরাকিবের স্বাধীনতা গুরুত্বপূর্ণ পূর্বশর্ত। শাহজালাল ইসলামী ব্যাংকের প্রতিবেদনসমূহে মুরাকিবের স্বাধীনতার ক্ষেত্রে মুরাকিবকে নিরীক্ষার সময় শাখা ব্যবস্থাপকের তুলনায় উচ্চতর স্বাধীন নির্বাহী কর্তৃত্ব দেওয়ার সুপারিশ করা হয়েছে। এছাড়াও ইসলামী বাংক বাংলাদেশ এর ২০২৫ সালের প্রতিবেদন, আইসিবি ব্যাংকের ২০২৪ সালের প্রতিবেদন ও স্ট্যান্ডার্ড ব্যাংক এর ২০২৪ সালের প্রতিবেদনে বিষয়টির সুপারিশ রয়েছে। অন্য ব্যাংকগুলোর প্রতিবেদনে মুরাকিবের কার্যক্রম থাকলেও স্বাধীন কর্তৃত্বের বিষয়ে নির্দিষ্ট সুপারিশ করা হয়নি। শাহজালাল ইসলামী ব্যাংকের ২০২৫ সালের প্রতিবেদনের বক্তব্য নিম্নরূপ, "শরী'আহ্ মুরাক্বিবদের পদের ধরণ যাই হোক, নিরীক্ষা চলাকালীন তাদের ইনডিপেন্ডেন্ট সিনিয়র এক্সকিউটি অথরিটি প্রদান করা, যা শাখা ব্যবস্থাপকদের তুলনায় উন্নততর হবে।"[৩৯]

এছাড়াও অভ্যন্তরীণ শরী'আহ্ নিরীক্ষায় শরী'আহ্ বিষয়ে যোগ্য ও প্রয়োজনীয় জনবল থাকার প্রয়োজনীয়তা অনুমিত। শাহজালাল ইসলামী ব্যাংকের প্রতিবেদনসমূহে শরী'আহ্ অডিট ডিভিশন, শরী'আহ্ কমপ্লায়েন্স ডিভিশন, প্রোডাক্ট ডেভেলপমেন্ট ইউনিট ইত্যাদি শরী'আহ্ গবেষণা ও বাস্তবায়ন সংশ্লিষ্ট বিভাগগুলোতে জনবল বৃদ্ধি সংক্রান্ত সুপারিশ রয়েছে। এছাড়াও ইসলামী ব্যাংক বাংলাদেশের ২০২৫ সালের রিপোর্ট এবং স্ট্যান্ডার্ড ব্যাংকের ২০২৪ সালের প্রতিবেদনে এ সুপারিশ দৃশ্যমান। উদাহরণস্বরূপ, ইসলামী ব্যাংক বাংলাদেশ ২০২৫ সালের প্রতিবেদনে বলা হয়েছে,

[38]. Islami Bank Bangladesh PLC., *Annual Report 2025,* ibid, 195
[39]. Shahjalal Islami Bank PLC., *Annual Report 2025*, ibid, 460

> To ensure Shari'ah compliance throughout the bank, it is necessary to appoint sufficient qualified and experienced manpower in the Internal Shari'ah Audit Division, Shari'ah Compliance Division, Product Development Unit, Trade Operations, Customer Relationship Management (CRM), and Research and Development related divisions.[৪০]

> "ব্যাংক জুড়ে শরী'আহ্ পরিপালন নিশ্চিত করতে ইন্টারনাল শরী'আহ্ অডিট ডিভিশন, শরী'আহ্ কমপ্লায়েন্স ডিভিশন, প্রোডাক্ট ডেভেলপমেন্ট ইউনিট, ট্রেড অপারেশনস, কাস্টমার রিলেশনশিপ ম্যানেজমেন্ট (সিআরএম) এবং গবেষণা ও উন্নয়ন সংশ্লিষ্ট বিভাগগুলোতে পর্যাপ্ত যোগ্য ও অভিজ্ঞ জনবল নিয়োগ করা প্রয়োজন।"

৮.৪ শরী'আহ-বহির্ভূত আয় শনাক্তকরণ ও প্রতিকার (শাস্তিমূলক অথবা প্রশমনমূলক)

সকল ব্যাংকের প্রতিবেদনে শরী'আহ-বহির্ভূত বা সন্দেহজনক আয় শনাক্ত করার বিষয়টি পাওয়া যায়। প্রতিবেদনে সন্দেহজনক আয় মূল আয় থেকে পৃথক করে দাতব্য খাতে ব্যয়ের নির্দেশনা দেওয়া হয়েছে। শরী'আহ্ লঙ্ঘনের মাধ্যমে অর্জিত আয় আমানতকারীদের মধ্যে বিতরণ না করার নির্দেশনা রয়েছে। আল-আরাফা ইসলামী ব্যাংকের ২০২৫ সালের প্রতিবেদনে উল্লেখ রয়েছে, "কেন্দ্রীয় ও আর্ন্তজাতিক ব্যাংকের বিধিগত বাধ্যবাধকতা এবং ব্যাংকের বিভিন্ন শাখায় বিনিয়োগকালীন কিছু অসতর্কতার ফলে অর্জিত সুদ ও সন্দেহজনক আয় সতর্কভাবে চিহ্নিত করা হয়েছে এবং উক্ত অর্থ যাতে ডিপোজিটর ও শেয়ারহোল্ডারদের মাঝে লভ্যাংশ হিসেবে বন্টিত না হয় সে জন্য ব্যাংকের মূল আয় থেকে তা পৃথক করে শরীআহ নির্ধারিত পন্থায় খরচের জন্য সিদ্ধান্ত প্রদান করা হয়েছে।"[৪১]

তবে ইসলামী ব্যাংক বাংলাদেশ, শাহজালাল ইসলামী ব্যাংক এবং স্ট্যান্ডার্ড ব্যাংক শরী'আহ্ লঙ্ঘন শনাক্ত করে শাস্তির সুপারিশের বিষয়টি উপস্থাপন করেছে। উদাহরণস্বরূপ, ইসলামী ব্যাংক বাংলাদেশ ২০২৫ সালের প্রতিবেদনে বলা হয়েছে,

> To reduce Shari'ah non-compliance risk at the branch level, internal Shari'ah audit, Shari'ah compliance monitoring activities should be further strengthened. In this regard, a technology-based Shari'ah compliance system, including Shari'ah screening should be introduced for real-time monitoring.[৪২]

> "শাখা পর্যায়ে শরী'আহ্ পরিপালন বহির্ভূত ঝুঁকির হার কমাতে অভ্যন্তরীণ শরী'আহ্ অডিট এবং শরী'আহ্ পরিপালন পর্যবেক্ষণ কার্যক্রম আরও জোরদার করা উচিত। এই

[40]. Islami Bank Bangladesh PLC., *Annual Report 2025*, ibid, 196
[41]. Al-Arafah Islami Bank PLC., *Annual Report 2025* (Dhaka: Al-Arafah Islami Bank PLC., 2025), 1
[42]. Islami Bank Bangladesh PLC., *Annual Report 2025*, ibid, 196

বিষয়ে রিয়েল-টাইম মনিটরিংয়ের জন্য শরী'আহ্ স্ক্রিনিংসহ একটি প্রযুক্তি-ভিত্তিক শরী'আহ্ পরিপালন ব্যবস্থা চালু করা উচিত।"

শাহজালাল ইসলামী ব্যাংকের ২০২৫ সালের প্রতিবেদনে শরী'আহ্ লঙ্ঘনের পুনরাবৃত্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সুপারিশ করেছে, যা কর্মকর্তাদের শরী'আহ্ পালনে আরো অধিকতর সতর্ক করে তুলবে।[৪৩]

৮.৫ পণ্য উন্নয়ন ও অনুমোদন

নতুন পণ্য অনুমোদন ও বিদ্যমান পণ্যে সেবার মান পর্যালোচনার বিষয়টি শরী'আহ্ সুপারভাইজরি কমিটির অন্যতম একটি কাজ। অথচ ইসলামী ব্যাংক বাংলাদেশের ২০২৫ সালের রিপোর্ট[৪৪] এবং স্ট্যান্ডার্ড ব্যাংকের ২০২৩[৪৫] ও ২০২৫[৪৬] সালের প্রতিবেদনে এ বিষয়টি আলোচিত হলেও অন্যান্য প্রতিবেদনে বিষয়টি উপস্থিত। নতুন পণ্য উদ্ভাবন ও বিনিয়োগে মাকাসিদ আশ-শরী'আহ্ অর্জনের জন্য ক্ষুদ্র ও মাঝারি শিল্প এবং কৃষি খাতকে প্রাধান্য দেওয়া বিষয়টি আইসিবি ইসলামী ব্যাংক ব্যতীত সকল ব্যাংকের প্রতিবেদনে দৃশ্যমান। বাংলাদেশের জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থান বিবেচনায় কৃষি এবং অন্যান্য উৎপাদনশীল খাতে বিনিয়োগ অগ্রাধিকার দেওয়ার বিষয়টি একটি ইতিবাচক দৃষ্টিভঙ্গি হিসেবেই প্রতিয়মান। এটি শরী'আহ্ সুপারভাইজরি কমিটির ভূমিকা শুধু 'হালাল-হারাম যাচাই' থেকে 'সামাজিক ও অর্থনৈতিক কল্যাণভিত্তিক বিনিয়োগ নির্দেশনা' পর্যন্ত বিস্তৃত হওয়ার প্রমাণ।

৮.৬ শরী'আহ্ বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি

কর্মকর্তা-কর্মচারী ও গ্রাহকদের মাঝে শরী'আহ্ বিষয়ক প্রশিক্ষক কর্মসূচি ও সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম প্রতিটি ব্যাংকের প্রতিবেদনে দৃশ্যমান। তবে ইসলামী বাংক বাংলাদেশের প্রতিবেদনে প্রশিক্ষণ ও সচেতনতামূলক কার্যক্রম সবচেয়ে ব্যাপকভাবে নথিভুক্ত হয়েছে, এ ব্যাংকটি ২০২৫ সালে ৪৪৯টি প্রশিক্ষণ ও সচেতনতামূলক কর্মসূচি পরিচালনা করে। প্রতিবেদনসমূহে ইসলামী ব্যাংকিং ও শরী'আহ্র ওপর ব্যাপক প্রশিক্ষণের মাধ্যমে ব্যাংকের ফ্রন্টলাইন স্টাফদের শরী'আহ্ জ্ঞান বৃদ্ধির ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে।[৪৭] শাহজালাল ইসলামী ব্যাংকের প্রতিবেদনে বছরজুড়ে ব্যাপক প্রশিক্ষণের কথা বলা হয়েছে। শাহ্জালাল ইসলামী ব্যাংকের ২০২৩ সালের প্রতিবেদনে বছরজুড়ে কর্মকর্তা-কর্মচারীদের জন্য ব্যাপক আকারে প্রশিক্ষণ কোর্স আয়োজন করার সুপারিশ করা হয়েছে।[৪৮] স্ট্যান্ডার্ড ব্যাংকের ২০২৫ সালের প্রতিবেদনে ১৫৪টি প্রশিক্ষণ কর্মসূচির তথ্য উপস্থাপিত হয়েছে, যাতে ১৭টি কর্মকর্তা-কর্মচারীদের জন্য, ২০টি শাখা ম্যানেজার ও অপারশেনস ম্যানেজার

43. Shahjalal Islami Bank PLC., *Annual Report 2025*, ibid, 456
44. Islami Bank Bangladesh PLC., *Annual Report 2025*, ibid, 195
45. Standard Islami Bank PLC., *Annual Report, 2023*, 122
46. ibid, 40
47. Islami Bank Bangladesh PLC., *Annual Report 2025*, ibid, 195
48. Annual Report, 2023, Shahjalal Islami Bank PLC.,p. 418

ও ইনভেস্টমেন্ট ইন-চার্জদের জন্য, মুরাকিব কর্তৃক ১১৭ টি পরিদর্শনকৃত শাখার কর্মীদের জন্য।[৪৯] ব্যাংকের নিজস্ব কর্মকর্তা-কর্মচারীদের পাশাপাশি এজেন্ট আউটলেট মালিক-কর্মচারীদের শরী'আহ্ প্রশিক্ষণ ও তদারকি জোরদারের প্রয়োজনীয়তা ইসলামী ব্যাংক বাংলাদেশের ২০২৪ সালের প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। প্রতিবেদনের বক্তব্য নিম্নরূপ,

> Strengthening supervision and arranging more Shari'ah training are essential to increase Shari'ah compliance awareness among the owners and employees of agent outlets representing the bank at the grassroots level.[৫০]
>
> "তৃণমূল পর্যায়ে ব্যাংকের প্রতিনিধিত্বকারী এজেন্ট আউটলেটের মালিক ও কর্মচারীদের মধ্যে শরী'আহ্ পরিপালন সচেতনতা বৃদ্ধির জন্য তদারকি জোরদার করা এবং অধিকতর শরী'আহ্ প্রশিক্ষণের ব্যবস্থা করা জরুরি।"

৮.৭ ব্যাংক ফাউন্ডেশনের মাধ্যমে দাতব্য কার্যক্রম

প্রায় সকল ব্যাংকের প্রতিবেদনে শরী'আহ-বহির্ভূত আয় দাতব্য কাজে ব্যয়ের বিষয়টি রয়েছে। এ সকল প্রতিবেদনে ব্যাংক ফাউন্ডেশনের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর কল্যাণমূলক কার্যক্রম জোরদারের সুপারিশ করেছে। তবে শাহজালাল ইসলামী ব্যাংকের ২০২৩, ২০২৪ ও ২০২৫ এর প্রতিবেদনে শরী'আহ্ সম্মত নয়, এমন খাত থেকে অর্জিত আয় এবং যাকাতের অর্থ একই ব্যাংক ফাউন্ডেশনে হস্তান্তর করার মতামত রয়েছে।[৫১] এটি একই ফাউন্ডেশনে জাকাত ও শরী'আহ্ সম্মত নয় এমন আয়কে একই খাতে রাখার শরয়ী বৈধতার প্রশ্ন উত্থাপন করে।

৮.৮ গ্রাহক অভিযোগ ও সেবা

গ্রাহক সেবা একটি প্রতিষ্ঠানের সুনাম-সুখ্যাতির পরিচায়ক। শরী'আহ্ পরিপালনে ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের পাশাপাশি গ্রাহকদের সহযোগিতাও অপরিহার্য। একই সাথে গ্রাহকের অভিযোগ প্রতিকার ও সেবা প্রদানে আগ্রহী হওয়ার বিষয়টিও শরী'আহ্ পালনের সাথে সম্পর্কিত। ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড ও স্ট্যান্ডার্ড ব্যাংকের প্রতিবেদনসমূহে এ বিষয়টি আলোচিত হয়েছে। যা শরী'আহ্ পরিপালনসহ সামগ্রিক ব্যাংকিং কার্যক্রমে সেবা দাতা ও সেবা গ্রহীতার মাঝে একটি ইতিবাচক সম্পর্ক বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করে। আল-আরাফাহ ইসলামী ব্যাংকের ২০২৫ সালের প্রতিবেদনের বক্তব্য নিম্নরূপ- "শরী'আহ্ পরিপালনের ইসলামী ব্যাংকের সবাই নিজ নিজ অবস্থান থেকে দায়িত্বশীল। এই দায়িত্ব পালনের প্রত্যেকেই আল্লাহর নিকট জবাবদিহি করতে হবে।"[৫২]

49. Standard Islami Bank PLC., *Annual Report 2025,* ibid, 119
50. Islami Bank Bangladesh PLC., *Annual Report 2025*, ibid, 188
51. Shahjalal Islami Bank PLC., *Annual Report 2025,* ibid, 459; Shahjalal Islami Bank PLC., *Annual Report 2024*, ibid, 457; Shahjalal Islami Bank PLC., *Annual Report 2023*, ibid, 417
52. Al-Arafah Islami Bank PLC., *Annual Report 2025*, ibid, 1

৮.৯ বিভিন্ন প্রচারমাধ্যমে শরী'আহ্ পরিপালনে উৎসাহিতকরণ

ইসলামী ব্যাংকিংয়ের নীতি, শরী'আহ্ পরিপালনের গুরুত্ব এবং এর বৈশিষ্ট্য সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি করা। প্রচার-প্রচারণা শুধু বিপণন কার্যক্রম হিসেবে নয়, বরং শরী'আহ্ পরিপালনের সংস্কৃতি গড়ে তোলার একটি মাধ্যম হিসেবে বিবেচনা করা হয়। ইসলামী ব্যাংক বাংলাদেশ এর ২০২৫ সালের প্রতিবেদন এবং স্ট্যান্ডার্ড ব্যাংকের ২০২৫ সালের প্রতিবেদনে ব্যাংকিং খাতে শরী'আহ্ পরিপালনে উৎসাহিত করতে নিয়মিত কর্মশালার পাশাপাশি প্রিন্ট, ইলেকট্রনিক ও সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচার-প্রচারণা বৃদ্ধি করার পরামর্শ দেওয়া হয়েছে। ইসলামী ব্যাংক বাংলাদেশের ২০২৫ সালের প্রতিবেদনের বক্তব্য নিম্নরূপ-

> To enhance awareness of Islamic banking among clients and the general public, seminars and workshops should be organized, and promotional activities should be increased through print, electronic, and social media.[৫৩]
>
> "গ্রাহক ও সাধারণ জনগণের মধ্যে ইসলামী ব্যাংকিং সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য সেমিনার ও কর্মশালার আয়োজন করা উচিত এবং প্রিন্ট, ইলেকট্রনিক ও সোশ্যাল মিডিয়ার মাধ্যমে প্রচারণামূলক কার্যক্রম বৃদ্ধি করা উচিত।"

৯. ইসলামী ব্যাংকসমূহের বার্ষিক শরী'আহ্ প্রতিবেদনসমূহের সামগ্রিক তুলনা

বাংলাদেশের ইসলামী ব্যাংকসমূহের শরী'আহ্ প্রতিবেদন পর্যালোচনা সারণীতে ১৩টি সূচকের আলোচনায় শরী'আহ্ সুপারভাইজরি কমিটির দায়িত্ব ও ম্যান্ডেট; আর্থিক বিবরণী, পরিচালনা পরিষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কার্যক্রম পর্যালোচনা; জাকাত বিষয়ক ঘোষণা এবং শরী'আহ্ পরিপালন বিষয়ক প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত সূচকে পর্যালোচিত প্রায় সকল বার্ষিক শরী'আহ্ প্রতিবেদনে উপস্থাপিত হয়েছে। পক্ষান্তরে পণ্য অনুমোদন ও সেবার মান পর্যালোচনা ইসলামী ব্যাংকসমূহের শরী'আহ্ সুপারভাইজরি কমিটির অন্যতম দায়িত্ব হলেও ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসির ২০২৫ এবং স্ট্যান্ডার্ড ব্যাংক পিএলসির ২০২৩ ও ২০২৫ এর বার্ষিক শরী'আহ্ প্রতিবেদন ছাড়া অন্য কোনো প্রতিবেদনে উপস্থাপিত হয়নি; জনসচেতনতা তৈরিতে প্রচারণা বৃদ্ধির সুপারিশ করার ক্ষেত্রে ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসির ২০২৫ এবং স্ট্যান্ডার্ড ব্যাংক পিএলসির ২০২৫ এর বার্ষিক শরী'আহ্ প্রতিবেদন ছাড়া পর্যালোচিত অন্য কোনো প্রতিবেদনে উপস্থাপিত হয়নি; গ্রাহক অভিযোগ ব্যবস্থাপনা এবং গ্রাহক সেবার মান বৃদ্ধি সংক্রান্ত সূচকটি ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি ও স্ট্যান্ডার্ড ব্যাংক পিএলসির প্রতিবেদনসমূহের উপস্থাপিত হয়েছে এবং অন্যান্য ব্যাংকের প্রতিবেদনসমূহে তা উপস্থাপিত হয়নি। তদুপরি, যেসকল ব্যাংকের শরী'আহ্ প্রতিবেদনে বিভিন্ন সূচক উপস্থাপিত হয়নি এর দ্বারা সেসকল ব্যাংকে শরী'আহ্ সুপারভাইজরি কমিটি কর্তৃক নির্দিষ্ট ঐ সূচকের বিষয়টি পর্যালোচিত হয়নি এমনটাও বলা যায় না। সর্বোপরি, ইসলামি ব্যাংকসমূহের বার্ষিক শরী'আহ্

[53]. Islami Bank Bangladesh PLC., *Annual Report 2025*, ibid, 196

প্রতিবেদনসমূহ মোটামুটি একই প্রকৃতির, কেবল কমিটি পরিবর্তন হলে কিছু পরিবর্তন লক্ষ্যণীয়। তবে সবগুলো ব্যাংকের ক্ষেত্রেই ২০২৫ এর প্রতিবেদন তুলনামূলকভাবে বিশ্লেষণধর্মী এবং ২০২৪ ও ২০২৩ এর প্রতিবেদন প্রায় একই।

১০. সুপারিশমালা

গবেষণায় পর্যালোচিত তথ্য, শরী'আহ্ প্রতিবেদন এবং বিদ্যমান শরী'আহ্ গভর্ন্যান্স কাঠামোর আলোকে ইসলামী ব্যাংকগুলোর শরী'আহ্ সুপারভাইজরি কমিটির কার্যকারিতা বৃদ্ধির জন্য নিম্নোক্ত সুপারিশসমূহ প্রদান করা হলো–

১. বাংলাদেশ ব্যাংক বার্ষিক শরী'আহ্ প্রতিবেদনে তথ্য প্রকাশের একটি অভিন্ন মানদণ্ড নির্ধারণ করে দিতে পারে। এক্ষেত্রে AAOIFI ও IFSB স্বীকৃত শরী'আহ্ গভর্ন্যান্স মানদণ্ড অনুসরণ করা যেতে পারে।

২. শরী'আহ্ কমপ্লায়েন্স, অভ্যন্তরীণ শরী'আহ্ অডিট এবং প্রযোজ্য ক্ষেত্রে বাহ্যিক শরী'আহ্ অডিটের গুরুত্বপূর্ণ ফলাফল ও সুপারিশের বাস্তবায়ন অবস্থা প্রকাশ করার বাধ্যবাধকতা আরোপ করার বিষয়টি ভেবে দেখা দরকার।

৩. শরী'আহ্ প্রতিবেদন নির্দিষ্ট মানদণ্ড অনুসরণপূর্বক বিস্তারিত এবং সুবিন্যস্ত হওয়া প্রয়োজন।

৪. একই ব্যক্তি একাধিক ব্যাংকে শরী'আহ্ সুপারভাইজরি কমিটির সদস্য হলে ব্যাংকগুলোর নীতি-নির্ধারণী বিষয়ে আমনতদারিতার ঘাটতি হওয়ার সম্ভবনা তৈরি হতে পারে; তাই একই ব্যক্তিকে একাধিক ব্যাংকে শরী'আহ্ সুপারভাইজরি কমিটির সদস্য হওয়ার বিষয়টি পুর্নবিবেচনা করা যেতে পারে এবং এই প্রবণতা প্রতিরোধে তাদের জন্য সম্মানজনক ভাতা/সম্মানী নির্ধারণ করার বিষয়টিও ভাবা উচিত।

৫. প্রতিবেদনে ব্যাংকিং-এর আমানত, বিনিয়োগ ও বৈদেশিক বাণিজ্যের কোন্ কোন্ ক্ষেত্রে শরী'আহ্ লঙ্ঘিত হয়েছে কিংবা ত্রুটি-বিচ্যুতি ঘটেছে তার সুনির্দিষ্ট বর্ণনা থাকা বাঞ্ছনীয়। যাতে পরবর্তী পর্যায়ে সংশ্লিষ্ট সকলে শরী'আহ্ অনুসরণে আরো যত্নবান হওয়া।

৬. ঝুঁকি কমাতে প্রযুক্তি ভিত্তিক শরী'আহ্ স্ক্রিনিংও রিয়েল টাইম মনিটরিং ব্যবস্থার ন্যায় বিভিন্ন ধরনের প্রযুক্তিনির্ভর তদারকি ব্যবস্থা বাধ্যতামূলক করা যেতে পারে।

৭. শরী'আহ্ লঙ্ঘনের পুনরাবৃত্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকতার বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার সুপারিশসহ অভিন্ন জবাবদিহিতামূলক কাঠামো (যেমন শরী'আহ্ লঙ্ঘনের মাত্রা অনুযায়ী শাস্তির স্তরবিন্যাস) বার্ষিক শরী'আহ্ প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা।

৮. কমিটির সদস্যদের নিয়োগ, দায়িত্ব পালন ও মতামত প্রদানের ক্ষেত্রে ব্যাংকের ব্যবস্থাপনা ও বাণিজ্যিক স্বার্থের প্রভাবমুক্ত স্বাধীনতা নিশ্চিত করা। শরী'আহ্ কমিটির স্বাধীন মতামত ও সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য প্রাতিষ্ঠানিক ব্যবস্থা থাকা।

৯. গবেষণায় পর্যালোচিত প্রতিবেদনে শাখা পর্যায়ে শরী'আহ্ অমান্যতার ঝুঁকি কমাতে অভ্যন্তরীণ শরী'আহ্ অডিট ও কমপ্লায়েন্স মনিটরিং জোরদারে মুরাকিব

ও শরী'আহ্ পরিদর্শক পদে জনবল বৃদ্ধি, তাদের ক্ষমতা ও পদের মর্যাদা বৃদ্ধি, পর্যাপ্ত সংখ্যক প্রশিক্ষণ ও কাজের স্বাধীনতা নিশ্চিত করা।

১০. নতুন কোনো ব্যাংকিং পণ্য, চুক্তি বা বিনিয়োগ কার্যক্রম চালুর পূর্বে শরী'আহ্ কমিটির অনুমোদন গ্রহণের পাশাপাশি বাস্তব প্রয়োগের পর তা পুনর্মূল্যায়নের ব্যবস্থা থাকা।

১১. গবেষণা সেমিনার, কর্মশালা, প্রশিক্ষণ এবং প্রিন্ট, ইলেকট্রনিক ও সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারণার মাধ্যমে ইসলামী ব্যাংকিংয়ের বৈশিষ্ট্য ও শরী'আহ্ কমপ্লায়েন্স সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করা।

১১. সীমাবদ্ধতা

বর্তমান গবেষণায় পাঁচটি পূর্ণাঙ্গ ইসলামী ব্যাংকের মধ্যে আইসিবি ইসলামী ব্যাংকের ২০২৫ সালের প্রতিবেদন প্রকাশ না হওয়ায় পর্যালোচনা করা সম্ভব হয়নি। সাধারণ ব্যাংকে ইসলামী ব্যাংকিং শাখা অথবা ইউন্ডো পরিচালিত হচ্ছে এমন ব্যাংকের প্রতিবেদন পর্যালোচনা করা হয়নি, সাধারণ ব্যাংকের বার্ষিক শরী'আহ্ প্রতিবেদনগুলো অর্ন্তভুক্ত করে পূর্ণাঙ্গ গবেষণার সুযোগ রয়েছে। এ বিষয়টি অন্তর্ভুক্ত করে সবগুলো প্রতিবেদনের তুলনামূলক পর্যালোচনায় স্বতন্ত্র গবেষণা হতে পারে। একই সাথে বার্ষিক প্রতিবেদন বিশ্লেষণে প্রাপ্ত তথ্যের পাশাপাশি গ্রাহক, ব্যাংকার ও শরী'আহ্ সুপারভাইজরি কমিটির সদসদ্যের সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে প্রাথমিক তথ্য সংগ্রহপূর্বক একটি সমন্বিত গবেষণা করা যেতে পারে। বর্তমান গবেষণায় শরী'আহ্ পরিপালনের প্রকৃত নিরীক্ষা না করে কেবল বার্ষিক শরী'আহ্ প্রতিবেদনে প্রকাশিত তথ্যের ভিত্তিতে পর্যালোচনা করা হয়েছে, যা বর্তমান গবেষণার একটি সীমাবদ্ধতা হিসেবে চিহ্নিত। তাই বার্ষিক শরী'আহ্ প্রতিবেদনের পাশাপাশি ব্যাংকের প্রকৃত শরী'আহ্ পরিপালনের তথ্য সন্নিবেশ করে সমন্বিত গবেষণার সুযোগ রয়েছে।

১২. উপসংহার

বাংলাদেশের ইসলামী ব্যাংকসমূহের একটি শরী'আহ্ সুপারভাইজরি কমিটি রয়েছে। তারা বছর শেষে একটি প্রতিবেদন পেশ করে থাকে। পর্যালোচিত বার্ষিক প্রতিবেদনে শরী'আহ্ কমিটির কার্যক্রম ও প্রতিবেদন প্রকাশের তথ্য পাওয়া গেছে। কমিটিগুলো বিভিন্ন শরী'আহ্ ইস্যুর সমাধানকল্পে বছরের বিভিন্ন সময় সভায় মিলিত হয়। বছর শেষে কমিটি তাদের সামগ্রিক কার্যক্রমের উপর একটি প্রতিবেদন পেশ করে। ইসলামী ব্যাংকিং ব্যবস্থার শরী'আহ্ভিত্তিক স্বাতন্ত্র্য, গ্রহণযোগ্যতা ও বিশ্বাসযোগ্যতা অনেকাংশে নির্ভর করে এর শরী'আহ্ গভর্ন্যান্স কাঠামোর কার্যকারিতার ওপর। এ ক্ষেত্রে শরী'আাহ সুপারভাইজরি কমিটি ব্যাংকের শরী'আহ্ কমপ্লায়েন্স নিশ্চিত করার জন্য কেন্দ্রীয় ভূমিকা পালন করে। একটি কার্যকর কমিটি ব্যাংকের পণ্য, চুক্তি, বিনিয়োগ ও পরিচালনাগত কার্যক্রম পর্যালোচনা করে, প্রয়োজনীয় শরী'আহ্ মতামত ও নির্দেশনা প্রদান করে এবং পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনাকে শরী'আহসম্মত কার্যক্রমের বিষয়ে পরামর্শ দেয়। এই গবেষণায় পর্যালোচিত সাহিত্য ও শরী'আহ্

প্রতিবেদন থেকে প্রতীয়মান হয় যে ইসলামী ব্যাংকিংয়ে শরী'আহ্ সুপারভাইজরি কমিটির কাঠামোগত উপস্থিতি গুরুত্বপূর্ণ হলেও কেবল কমিটি থাকা শরী'আহ্ কমপ্লায়েন্সের পর্যাপ্ত নিশ্চয়তা নয়। কমিটির স্বাধীনতা, সদস্যদের যোগ্যতা, নিয়মিত সভা, সিদ্ধান্ত বাস্তবায়ন, শাখা পর্যায়ে তদারকি, মুরাকিবদের কার্যক্রম, অভ্যন্তরীণ শরী'আহ্ অডিট, কর্মীদের প্রশিক্ষণ এবং শরী'আহ্ লঙ্ঘন প্রতিরোধ ও সংশোধনের সক্ষমতা ইত্যাদি বিষয়ের সমন্বিত কার্যকারিতাই একটি শরী'আহ্ গভর্ন্যান্স ব্যবস্থা গড়ে তোলে। পর্যালোচিত প্রতিবেদনে ব্যাংকের চুক্তি ও বিনিয়োগ কার্যক্রমে শরী'আহ্ পরিপালনে দিকনির্দেশনা ও তদারকি করার চিত্র ফুটে উঠেছে। সর্বোপরি, গবেষণার সুপারিশমালায় নির্দেশিত বিষয়াদি পরিপালন নিশ্চিত করা সম্ভব হলে, বাংলাদেশের ইসলামী ব্যাংকিং ব্যবস্থা শরী'আহ্র বিধান অনুসরণের পাশাপাশি গ্রাহক, বিনিয়োগকারী ও সাধারণ জনগণের কাছে অধিকতর গ্রহণযোগ্য, স্বচ্ছ ও বিশ্বাসযোগ্য আর্থিক ব্যবস্থা হিসেবে প্রতিষ্ঠিত হতে পারবে।

Bibliography

Abdullah, Md. Faruk. and Rahman, Asmak Ab. "Shari'ah Governance of Islamic Banks in Bangladesh: Issues and Challenges," *Journal of Islamic Economics, Banking and Finance* 13:3 (2017)

Accounting and Auditing Organization for Islamic Financial Institutions (AAOIFI). *AAOIFI Governance Standard (GS) (Revised 2024).* Manama, Bahrain: AAOIFI, 2024.

Ahsan, A. S. M. Fakhrul. Huq, M. Azizul and Hussain, Md. Sharif (ed.), *Text book on Islamic Banking.* Dhaka : Islamic Economics Research Bureau, 2003.

Al-Arafah Islami Bank PLC., *Annual Report 2023.* Dhaka: Al-Arafah Islami Bank PLC., 2023.

Al-Arafah Islami Bank PLC., *Annual Report 2024.* Dhaka: Al-Arafah Islami Bank PLC., 2024.

Al-Arafah Islami Bank PLC., *Annual Report 2025.* Dhaka: Al-Arafah Islami Bank PLC., 2025.

Ali, Dr. Ahmad. *Islami Banking-e Shari'ah Paripalan o Longghon: Samasya o Uttoron Bhabna*. Dhaka: Prochchhad Prokashan, 2025.

Bahrain Islamic Bank, *Fatwa al-Lāʾiḥah al-Dākhiliyyah li-Hayʾat al-Riqābah al-Sharʿiyyah li-Bank al-Baḥrayn al-Islāmī.* Manam: Shari'a Coordination and Implementation Department, 2023.

Bangladesh Bank, *BRPD Circular No. 15*: *Guidelines for Islamic Banking.* Dhaka: Bangladesh Bank, November 9, 2009

Bangladesh Bank, *IBRPD Circular No. 1*: Islami Banking Karyakram Parichalanakari Bank-Companir Shariah Supervisory Committee (SSC)-er

Gathan, Sadasya Niyog-Opasaran o Dayitva-Kartabya Samparke Nitala Prasange. Dhaka: Bangladesh Bank, 2025.

Biswas, Hamid. "Pach Bank Ekibhut Kore 'Sammilita Islami Bank', Churanto Anumodan", *Daily Jugantor*, 30 November 2025, https://www.jugantor.com/bank/1035326

Churanta Anumodan Pel "Sammilita Islami Byank". *Daily Kaler Kantho*, 30 November 2025, https://www.kalerkantho.com/online/business/2025/11/30/1613292

Hosny, Dr. Moustfa Mohamed. "The Role of the Relegions Board", *Encyclopedia of Islamic Banking & Insurance*. UK: Institute of Islamic Banking and Insurance, 1995.

ICB Islamic Bank Ltd., *Annual Report 2023*. Dhaka: ICB Islamic Bank Ltd., 2023.

ICB Islamic Bank Ltd., Annual Report 2024. Dhaka: ICB Islamic Bank Ltd., 2024.

Islami Bank Bangladesh PLC., *Annual Report 2023*. Dhaka: Islami Bank Bangladesh PLC., 2023.

Islami Bank Bangladesh PLC., *Annual Report 2024*. Dhaka: Islami Bank Bangladesh PLC., 2024.

Islami Bank Bangladesh PLC., *Annual Report 2025*. Dhaka: Islami Bank Bangladesh PLC., 2025.

Islamic Financial Services Board (IFSB), *Revised Standard on Disclosures to Promote Transparency and Market Discipline for Institutions Offering Islamic Financial Services (Banking Segment)*. Kuala Lumpur: Islamic Financial Services Board, 2018.

Presley (ed.), John R. *The Evolution of Islamic Banking, in Directory of Islamic Financial Institutions*. United Kingdom: International Centre for Islamic Studies (Croom Helm Ltd.), 1988.

Rahman, Muhammad Mahfuzur and Rahman, B. M. Habibur. *Islami Banking-e Shari'ah: Paripalan, Proyog, Paddhati*. Dhaka: Kamiab Prokashan Limited, 2006.

Shahjalal Islami Bank PLC., *Annual Report 2023*. Dhaka: Shahjalal Islami Bank PLC., 2023.

Shahjalal Islami Bank PLC., *Annual Report 2024*. Dhaka: Shahjalal Islami Bank PLC., 2024.

Shahjalal Islami Bank PLC., *Annual Report 2025*. Dhaka: Shahjalal Islami Bank PLC., 2025.

Standard Islami Bank PLC., *Annual Report 2023*. Dhaka: Standard Islami Bank PLC., 2023.

Standard Islami Bank PLC., *Annual Report 2024*. Dhaka: Standard Islami Bank PLC., 2024.

Standard Islami Bank PLC., *Annual Report 2025*. Dhaka: Standard Islami Bank PLC., 2025.

The Institute of Internal Auditors, *The IIA's Three Lines Model: An Update of the Three Lines of Defense*. Florida: The Institute of Internal Auditors, 2020.

Younus (ed.), Dr. Sayera. *Quarterly Report on Islamic Banking in Bangladesh*, *July-September, 2024*. Dhaka: Islamic Economic Wing Research Department Bangladesh Bank, September 2024.